

**আল কুরআন**  
অনন্ত করুণাময় পরম দয়ালু  
আল্লাহর নামে আরম্ভ করছি  
.....  
আর আল্লাহ যখন নবীপনের কাছ থেকে অসীকার  
গ্রহন করলেন যে, আমি যা কিছু তোমাদের দান  
করেছি কিভাবে ও জ্ঞান এবং অতঃপর তোমাদের  
নিকট কোন রসূল আসেন তোমাদের কিভাবে  
সত্য বলে দেয়ার জন্য, তখন সে রসূলের প্রতি  
ইমান আনবে এবং তার সাহায্য করবে।  
সূরা আল ইমরান ৮১

# দৈনিক কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ৷ বৃহস্পতিবার ৷ ০৮ অক্টোবর ২০২৬ ৷ ২৬ রবিঃ সানিঃ ১৪৪৮ ৷ ২৩ আশ্বিন ১৪৩৩ ৷ ৯ম বর্ষ ৷ ১২৪ সংখ্যা ৷ ৪ পৃষ্ঠা ৷ ৫ টাকা



**দরিদ্র-সুবিধাবঞ্চিত মানুষের চিকিৎসা কার্যক্রম বাড়ানোর আহ্বান রাষ্ট্রপতির**  
কীর্তনখোলা ডেস্ক  
দরিদ্র ও সুবিধাবঞ্চিত মানুষের চিকিৎসা কার্যক্রম আরও বাড়ানোর আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম ২ এর পাতায় দেখুন



**ধর্ম-বর্ণ-সম্প্রদায় নির্বিশেষে সবার কল্যাণে কাজ করছে সরকার: প্রধানমন্ত্রী**  
কীর্তনখোলা ডেস্ক  
ধর্ম, বর্ণ, শ্রেণি-পেশা ও সম্প্রদায় নির্বিশেষে দেশের প্রতিটি নাগরিকের কল্যাণে সরকার কাজ করে যাচ্ছে বলে জানিয়েছেন ২ এর পাতায় দেখুন



**আবরার হত্যার প্রতিবাদই আন্দোলনকে তীব্র করেছিল: রিজভী**  
কীর্তনখোলা ডেস্ক  
বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব অ্যাডভোকেট রুহুল কবির রিজভী আহমেদ বলেছেন, বুয়েট শিক্ষার্থী আবরার ২ এর পাতায় দেখুন



**পানির হিস্যায় ভারতকে এক চুলও ছাড় দেবো না: নাহিদ ইসলাম**  
কীর্তনখোলা ডেস্ক  
আগামী ডিসেম্বরে শেষ হচ্ছে গঙ্গা পানি বন্টন চুক্তির মেয়াদ। এ অবস্থায় ভারতের সঙ্গে ন্যায্যতার ভিত্তিতে গঙ্গার ২ এর পাতায় দেখুন



## প্রধানমন্ত্রী স্বর্ণপদকে মনোনীত ববির ১৩ শিক্ষার্থী

কীর্তনখোলা রিপোর্ট  
প্রধানমন্ত্রী স্বর্ণপদকের জন্য বরিশাল বিশ্ববিদ্যালয়ের (ববি) ১৩ শিক্ষার্থী মনোনীত হয়েছেন। ২০১৯, ২০২০ ও ২০২১ শিক্ষাবর্ষে নিজ নিজ অনুষদে সর্বোচ্চ সিজিপিএ অর্জনের স্বীকৃতি হিসেবে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) প্রকাশিত তালিকায় তাদের নাম রয়েছে। ইউজিসির তালিকা অনুযায়ী, ২০১৯ শিক্ষাবর্ষে ববি থেকে পাঁচজন, ২০২০ শিক্ষাবর্ষে চারজন এবং ২০২১ শিক্ষাবর্ষে চারজন শিক্ষার্থী এ পদকের জন্য মনোনীত হয়েছেন। মনোনীত শিক্ষার্থীরা হলেন- উদ্ভিদবিজ্ঞান বিভাগের মো. আল ইমরান ও অনামিকা বিশ্বাস, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের চন্দ্রিকা সাহা ও তসলিমা আক্তার, রব্টিক্সবিজ্ঞান বিভাগের রনি গোপাল দাস, আইন বিভাগের তাহমিনা আক্তার মুন ও দিলরুবা খান মো, ইংরেজি বিভাগের শ্যামলিমা শহীদ খান, ফিন্যান্স অ্যান্ড ব্যাংকিং বিভাগের ওয়াহিদা ইসলাম ও অনন্যা সুলতানা ২ এর পাতায় দেখুন



কার্ডনিয়া থানাধীন নগরীর ভাটিখানা রোকেয়া আজিম সড়কের ভাড়া বাসায় স্কুল শিক্ষিকা আমেনা বেগম হত্যাকাণ্ড মামলায় গ্রেফতারকৃত দুইজনকে তিনদিনের রিমান্ড মঞ্জুর করেছেন আদালত -কীর্তনখোলা

## আয় কমলেও বেড়েছে মূল্যস্ফীতি বিপাকে নিম্ন আয়ের মানুষ

কীর্তনখোলা ডেস্ক  
মূল্যস্ফীতির উর্ধ্বমুখী গতিতে বিপাকে পড়েছে দেশের সাধারণ ও নিম্ন আয়ের মানুষ। একদিকে বাজারে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের দাম ও জীবনযাত্রার খরচ ক্রমাগত বাড়ছে, অন্যদিকে কমে যাচ্ছে শ্রমজীবী মানুষের আয়ের পথ। সেপ্টেম্বর মাসে দেশের সাধারণ মূল্যস্ফীতির হার বেড়ে

দাঁড়িয়েছে ৮ দশমিক ৩৪ শতাংশে, যা ঠিক আগের মাস আগস্টেও ছিল ৮ দশমিক ২৬ শতাংশ। অর্থাৎ মাত্র এক মাসের ব্যবধানে সাধারণ মূল্যস্ফীতি বেড়ে গেছে শূন্য দশমিক শূন্য ৮ শতাংশ। বুধবার (৭ অক্টোবর) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) প্রকাশিত সেপ্টেম্বর মাসের মূল্যস্ফীতির হালনাগাদ

শত শত শিক্ষকের শিক্ষক, সক্ষম বাঙ্গলার প্রখ্যাত বাংলা ভাষাপণ্ডিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রহ্মচর্যমহন কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশের মর্যাদা বিচারবোর্ডের সাবেক পটীকা শিক্ষক

**অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা**

**বাংলা ব্যাকরণ ও নির্মিতি**  
বইটি অনন্য

বইটি প্রস্তুতকারকের ভিত্তিতে সচিব, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নথর প্রাপ্তিতে সহায়ক

সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র: বিখ্যাতের প্রধান পটীক্ষক, সরকারি আদেলপুরাডা কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সুনন্দীল গ্রন্থ প্রণেতা

**পথিক মোস্তফা (এমফিল, ইবি)**  
বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:  
01718246162, 01712189338, 01712926836

**গদ্য প্রকাশন, বরিশাল**

**বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে**

|                                                                            |                                                                          |                                                                     |                                                                |
|----------------------------------------------------------------------------|--------------------------------------------------------------------------|---------------------------------------------------------------------|----------------------------------------------------------------|
| <b>বুক ভিলা</b><br>সমর রোড, বরিশাল<br>01932-314219                         | <b>ইসলামিয়া লাইব্রেরি</b><br>শাহরারোড, দল্ল রোড, বরিশাল<br>01711-264963 | <b>অংকুর লাইব্রেরি</b><br>সমর রোড, বরিশাল<br>01708-868515           | <b>অংকুর লাইব্রেরি</b><br>সমর রোড, বরিশাল<br>01708-868514      |
| <b>খন্দকার লাইব্রেরি</b><br>সমর রোড, বরিশাল<br>01711-407767                | <b>নিউ মাহবুব লাইব্রেরি</b><br>সমর রোড, বরিশাল<br>01763-10772            | <b>রহমান বুক হাউজ</b><br>শাহরারোড, দল্ল রোড, বরিশাল<br>01718-670945 | <b>মজুমদার লাইব্রেরি</b><br>সমর রোড, বরিশাল<br>01716-139268    |
| <b>অমৃত লাইব্রেরি</b><br>হুগু লাইট ও কলকাতা রাস্তা, বরিশাল<br>01719-408049 | <b>নিউ কলেজ লাইব্রেরি</b><br>বিএন কলেজের পাশে<br>01726-074663            | <b>হুক লাইব্রেরি</b><br>বিএন কলেজের পাশে<br>01724-851658            | <b>আশরাফিয়া লাইব্রেরি</b><br>বিএন কলেজের পাশে<br>01717-488083 |

# মধ্যরাত থেকে বন্ধ ইলিশ ধরা জেলেদের মাথায় কিস্তির বোঝা

কীর্তনখোলা রিপোর্ট

প্রজনন মৌসুমকে লক্ষ্য রেখে মা ইলিশ রক্ষায় শুরু হলো নদ-নদীতে ২২ দিনের নিষেধাজ্ঞা। গতকাল বুধবার ৭ অক্টোবর দিবাগত রাত ১২টা থেকে ২৯ অক্টোবর পর্যন্ত ৮-২ কিলোমিটার দীর্ঘ নদ-নদীতে এ বিধিনিষেধ বলবৎ থাকবে। ইলিশের মৌসুম শেষ হলেও দাম ছিল আকাশচুম্বি। মাহের দেখা না মেলায় হতাশ মৎস্যজীবীরা। গত ৩ মাসে গত বছরের তুলনায় ইলিশ আহরণ হয়েছে কম। এদিকে বরাদ্দ ও জনবল সংকটে এ বছর মা ইলিশ রক্ষা বাস্তবায়ন নিয়ে সংশয় দেখা দিয়েছে। বরিশাল মৎস্য অধিদপ্তরের তথ্যমতে, গত ৩ মাসে (জুলাই, আগস্ট, সেপ্টেম্বর) বিভাগে ৬৫ হাজার ৩৬৪ মেট্রিক টন ইলিশ আহরণ হয়। অর্থাৎ গত বছর এই ৩

মাসে ইলিশ আহরণ হয়েছে ৭৫ হাজার ৩৩১ মেট্রিক টন। এ বছর সারা দেশে ইলিশ উৎপাদনের টার্গেট ৬ লাখ টন। এর মধ্যে ৪ লাখ টন বরিশাল বিভাগ থেকে উৎপাদনের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে। বুধবার বরিশাল মৎস্য অবতরণ কেন্দ্র ঘুরে দেখা গেছে, ইলিশের চেয়ে ক্রেতার উপচে পড়া ভিড়। এ দিন ১ কেজি ওজনের ইলিশ প্রতি কেজি বিক্রি হয়েছে ২৫০০ টাকা। একইভাবে এলসি (৮০০-৯০০ গ্রাম) সাইজের ইলিশ কেজি টাকা দরে বিক্রি হয়েছে। সেখানকার আতুতদার নাসির উদ্দিন বলেন, মাছ ধরার নদ-নদীতে অবরোধ শুরু হলো, কিন্তু শেষ দিনেও মাছ ছিল না। তাই দামও কমে। মৎস্য



প্রতি ২২০০ টাকা এবং ৫০০ গ্রাম ওজনের ইলিশের কেজি ১৬০০ টাকা দরে বিক্রি হয়েছে। সেখানকার আতুতদার নাসির উদ্দিন বলেন, মাছ ধরার নদ-নদীতে অবরোধ শুরু হলো, কিন্তু শেষ দিনেও মাছ ছিল না। তাই দামও কমে। মৎস্য

## দেশের স্কুলে ভর্তি পরীক্ষা বাতিল চেয়ে রিট

কীর্তনখোলা ডেস্ক

দেশের সব শিক্ষা প্রতিষ্ঠানে ২০২৭ সালে ভর্তি পরীক্ষার নেওয়ার প্রজ্ঞাপন চ্যালেঞ্জ করে রিট দায়ের করেছে মুভমেন্ট ফর হিউম্যান রাইটস অ্যান্ড গুড গভার্নেন্স ফাউন্ডেশন। সংগঠনের নির্বাহী পরিচালক মিনহাজ উদ্দিন আহমেদ বুধবার (৭ অক্টোবর) এই রিট দায়ের করেন। রিটে শিক্ষা সচিব, প্রাথমিক ও গণশিক্ষা সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের (মৌশি) উপ-সচিবকে বিবাদী করা হয়েছে। রিট আবেদনের পর রিটকারীর আইনজীবী জাহিদ তালুকদার জানান, ২০২১ শিক্ষাবর্ষে সারাদেশের সরকারি বিদ্যালয়ে প্রথম ২ এর পাতায় দেখুন

সম্পাদক থেকে পাঠক, সকলের মুক্ত মত.....

**হ্যালো ৯৯৯**

**নামাজের সময় লোডশেডিং কি কোনো চক্রান্ত?**

লোডশেডিং সবসময়ই কমবেশি ছিলো। এখন তা বেড়ে অনেকগুন বৃদ্ধি পেয়েছে। তবে আগে যা হয়নি এখন তা হচ্ছে। ইদানিং বরিশালে প্রায়দিনই নামাজের সময় লোডশেডিং দেয়া হয়। যোহরের ওয়াক্ত, আসরের নামাজের সময় লোডশেডিং দেয়া হচ্ছে। তবে মাগরিবের ওয়াক্তে যেন তা নিত্যনৈমিত্তিক ব্যাপার হয়ে উঠেছে। এটা কি ইচ্ছাকৃত ভুল না কি কোনো ধরনের যত্নহীন তা খতিয়ে দেখা প্রয়োজন।

নামাজের আগে আগে কিংবা নামাজে দাঁড়ালে প্রতিদিনই বরিশালের বিভিন্ন এলাকায় বিদ্যুত চলে যায়। মুসল্লিরা এতে ভীষণ কষ্টে পড়েন। প্রায় প্রতিদিনকারি এ ঘটনাকে অনেকেই যত্নবশ বলে অভিযোগ করছেন। তাদের অভিযোগ, সরকারের বিরুদ্ধে সাধারণ মুসলমানদের ক্ষেপিয়ে তোলা এর একটি কারণ হতে পারে। এ ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নজরদারি প্রয়োজন বলে মনে করছি আমরা সাধারণ জনতা।

**আব্দুল্লাহ জোব্বার, স্ক্রুড বাবশায়ী**



## রাজাপুরে ইয়াবা নিয়ে যুবদল নেতাসহ গ্রেফতার দুই

রাজাপুরে ইয়াবা নিয়ে উপজেলা যুবদলের নেতাসহ দুই মাদক কারবারিকে গ্রেপ্তার করেছে পুলিশ। এ সময় তাদের থেকে ২০টি ইয়াবা ট্যাবলেট জব্দ করা হয়। মঙ্গলবার (৬ অক্টোবর) সন্ধ্যায় উপজেলার দক্ষিণ মনোহরপুর এলাকায় অভিযান চালিয়ে তাদের গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তারকৃতরা হলেন, উপজেলা সদরের জালিয়াবাড়ি এলাকার মৃত বাবুল হাওলাদারের ছেলে ও উপজেলা যুবদলের মুখ্য অধক্ষ্যক মো. জুবায়ের আল হাসান রাসেল এবং দক্ষিণ মনোহরপুর এলাকার মৃত আব্দুল ওব্বুর হাওলাদারের ছেলে মো. কামাল হোসেন নয়ন (৩৩)। পুলিশ জানায়, গোপন ২ এর পাতায় দেখুন

নতুন আঙ্গিকে, অত্যাধুনিক প্রযুক্তিতে  
**বিশ্বমানবের সিমেন্ট**

**বিশ্বমানব সিমেন্ট**  
ইয়াবুর মজবুত গড়ায়

সেবা : ০২৯৯০০৬৬৬৬৬৬, ০২৭৯৯০২৭৭০৪



## প্রতিমন্ত্রীর সহায়তা প্রদান মা ছেড়ে গেছেন, দুর্ঘটনায় বাবা নিহত, হাসপাতালে কাতরাচ্ছে নাইম

পবিত্র কুমার মল্ল, নেছারাবাদ

মা নেই। আট মাস আগে চার বছরের ছেলে নাইমকে রেখে অন্যর হাত ধরে চলে গেছেন তিনি। এরপর দিনমজুর বাবা স্বপনের নিত্যসঙ্গী হয়ে উঠেছিল ছোট নাইম। অভাবের সংসারে কাজের সময় ছেলেকে একা রেখে যাওয়ার সুযোগ ছিল না। তাই কাঠেরোখাই ভ্যান চালানোর সময়ও ছেলেকে সঙ্গে রাখতেন স্বপন। কিন্তু সেই ভ্যানেরই প্রাণ গেল তার। আর এখন মা-বাবাইন সাড়ে চার বছরের নাইম হাসপাতালের বিছানায় কাতরাচ্ছে। মঙ্গলবার (৬ অক্টোবর) দুপুরে পিরোজপুরের নেছারাবাদ উপজেলার সোহাগদল গ্রামের জাইরুলপল এলাকায় স্ট্রিকব্রিজের পাশে কাঠেরোখাই ভ্যান উল্টে নিহত হন ভ্যানচালক স্বপন। এ সময় ভ্যানের থাকা তার ছেলে নাইম ছিটকে পড়ে গুরুতর আহত হয়। বর্তমানে ঢাকার পল্লু ২ ২ এর পাতায় দেখুন



বরিশাল টিটিসি মাঠে শিশু-কিশোরদের খেলাধুলায় বাধার অভিযোগের ভিত্তিতে পরিদর্শনে যান সিটি প্রশাসক আড্ড, বিলকিস আক্তার জাহান শিরীন -কীর্তনখোলা

## অবৈধভাবে বালু তোলায় বরিশালে ড্রেজার-বাঙ্কহেড জব্দ, জরিমানা সাড়ে ৫ লাখ

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালে নদী থেকে অবৈধভাবে বালু উত্তোলনের বিরুদ্ধে যৌথ অভিযান চালিয়ে দুটি ড্রেজার ও তিনটি বাঙ্কহেড জব্দ করেছে কোস্ট গার্ড ও বরিশাল সদর উপজেলা প্রশাসন। অভিযানে

জড়িতদের কাউকে আটক করা সম্ভব না হলেও পরে মোবাইল কোর্টের মাধ্যমে ড্রেজার ও বাঙ্কহেডের মালিকদের কাছ থেকে মোট ৫ লাখ ৫০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়েছে। বুধবার (৭ অক্টোবর)

সকালে কোস্ট গার্ডের মিডিয়া কর্মকর্তা লেফটেন্যান্ট কমান্ডার সাক্ষির আলম সুজন এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানান। কোস্ট গার্ড সূত্রে জানা গেছে, গোপন সংবাদের ভিত্তিতে মঙ্গলবার ২ এর পাতায় দেখুন

## সন্ত্রাসবিরোধী আইনের মামলায় শ্রমিক লীগ নেতা গ্রেফতার

নলছিটি প্রতিনিধি

নলছিটিতে সন্ত্রাসবিরোধী আইনে দায়ের করা মামলায় মো. শহিদ আলম (৪১) ওরফে 'ট্রান্সপোর্ট শহিদ' নামে এক ব্যক্তিকে গ্রেপ্তার করেছে পুলিশ। তিনি নলছিটি উপজেলার দপদপিয়া ইউনিয়ন শ্রমিক লীগের সভাপতি বলে জানা গেছে। শহিদ আলম উপজেলার ভরতকাটি গ্রামের মৃত আব্দুর রশিদ হাওলাদারের ছেলে। পুলিশ সূত্রে জানা যায়, মঙ্গলবার (৬ অক্টোবর) রাতে নলছিটির জিরো পয়েন্ট এলাকায় অভিযান ২ এর পাতায় দেখুন

সকালে কোস্ট গার্ডের মিডিয়া কর্মকর্তা লেফটেন্যান্ট কমান্ডার সাক্ষির আলম সুজন এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানান। কোস্ট গার্ড সূত্রে জানা গেছে, গোপন সংবাদের ভিত্তিতে মঙ্গলবার ২ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

**প্রতিনিধি আবশ্যিক**

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য বালকাঠি জেলা: নলছিটি, রাজাপুর, পটুয়াখালী জেলা: পটুয়াখালী, জেলা জেলা: তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, পিরোজপুর জেলা: নাজিরপুর, নেছারাবাদ ও বরিশাল জেলা: উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আবশ্যিক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আত্মপ্রত্যয়ী পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

-মফস্বল সম্পাদক  
০১৩০৪১৬৮৫৯৯



## মম্বাদকীয় আশা-জাগানিয়া উদ্যোগ

শিক্ষকরা সমাজের অভিভাবক। শিক্ষকের হাতেই থাকে দেশ গড়ার চাবিকাঠি। আর আমাদের দেশে সেই শিক্ষকই নানাভাবে বন্ধনা ও অবহেলার শিকার। দেশের বেশির ভাগ শিক্ষকের নেই প্রত্যাশিত বেতনকাঠামো, যা দিয়ে একজন মানুষ এই সময়ে মানসম্পন্ন জীবন ধারণ করতে পারেন। কোনো কোনো পর্যায়ে এমনও রয়েছে, বছরের পর বছর ধরে শিক্ষকতা করলেও মিলাছে না বেতন। সংগত কারণেই দেশের মেধাবীদের কাছে শিক্ষকতা পছন্দের পেশা হিসেবে সামনে আসেনি। এই বিষয়টি বিবেচনায় নিয়ে বর্তমান সরকার গোটা শিক্ষাব্যবস্থাকে ঢেলে সাজানোর উদ্যোগ নিয়েছে। প্রকাশিত খবরে বলা হয়, প্রধানমন্ত্রী তারেক রহমান এমন পরিকল্পনা নিয়ে অগ্রসর হচ্ছেন, যেখানে শিক্ষকতাই হবে মেধাবীদের কাছে প্রথম পছন্দের পেশা। খবরে বলা হয়, বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষে গত সোমবার জাতীয় পর্যায়ে ‘গুণী শিক্ষকদের’ সম্মাননা প্রদান করা হয়। ওই অনুষ্ঠানে প্রধানমন্ত্রী অত্যন্ত আশা-জাগানিয়া স্বব্যব করেছেন। তিনি বলেছেন ‘শিক্ষকতা কোনোভাবেই ‘উপায়হীন বিকল্প’ বা সাধারণ চাকরির মতো পেশা হতে পারে না। সবচেয়ে মেধাবীরা যাতো শিক্ষকতাকে প্রথম পছন্দ হিসেবে বেছে নেন সে লক্ষ্যেই সরকার কাজ করছে।’ তিনি বলেন, ‘শিক্ষকদের সম্মান ও মর্যাদার সঙ্গে রাষ্ট্রের মর্যাদা ও ভাবমূর্ত্তি জড়িত।’ এখন কৃষিম বুদ্ধিমত্তার (এআই) যুগ। আধুনিক প্রযুক্তি নানা কর্মকাণ্ডে এনেছে অভাবনীয় গতি। কিন্তু সে তুলনায় আমাদের শিক্ষা বাত এখানে পিছিয়ে। এ প্রসঙ্গে প্রধানমন্ত্রী বলেন, সামাজিক যোগাযোগ মাধ্যম ও কৃত্রিম বুদ্ধিমত্তার (এআই) দ্রুত বিকাশের সময় কারিগর ও ব্যবহারিক শিক্ষার বিকল্প নেই। তিনি আশ্বাস দেন, এ বছরের মধ্যেই শিক্ষার্থীরা নতুন সিলেবাস অনুযায়ী বই পাবে। এ ছাড়া শিক্ষা মন্ত্রণালয়ের উদ্যোগে ঘট শ্রেণির শিক্ষার্থীদের হাতে এবারই প্রথমবারের মতো ‘লার্নিং উইথ হ্যাপিনেস’ বই তুলে দেওয়া হচ্ছে। অনেকে প্রযুক্তিকে শিক্ষকের বিকল্প হিসেবে দেখে থাকেন, কিন্তু প্রধানমন্ত্রী মনে করেন, প্রযুক্তি শিক্ষকের বিকল্প নয়, বরং শিক্ষকের শক্তি। এই বিষয়ে গুরুত্ব দিয়ে বর্তমান সরকার ‘গ্লান টিচার, গ্লান ট্যাব’ কর্মসূচি হাতে নিয়েছে। আমরা দেখেছি, বর্তমান সরকার শিক্ষাকে সবচেয়ে বেশি অগ্রাধিকার দিয়েছে। দেশের ইতিহাসে এবারই প্রথম জাতীয় বাজেট শিক্ষা খাতে সর্বোচ্চ বরাদ্দ দেওয়া হয়েছে। তবে পাশাপাশি কিছু তিক্ত বাস্তবতা আমাদের সামনে আসে। দেশে নন-এমপিও শিক্ষক-কর্মচারীরা মানবেতর জীবন যাপন করছেন। অনেক শিক্ষক ২০ বছর ধরে চাকরি করেও বেতন পান না। দেশে নন-এমপিও শিক্ষার্থীদের সংখ্যা প্রায় সাড়ে তিন হাজার। জানা গেছে, গত ১৬ বছরে নীতিমালাকে পশা কাটিয়ে নানা সময় রাজনৈতিক বিবেচনায় এমপিও অনুদান দেওয়া হয়েছে। বিনএপি সরকারের সময় প্রতিষ্ঠিত বড় প্রতিষ্ঠান পরবর্তী সময়ে রাজনৈতিক বৈষম্যের কারণে এমপিও থেকে বঞ্চিত হয়েছে। এই টানাপোড়েনের সূরাহা হওয়া অনিবার্ণ। এ ছাড়া শিক্ষকদের বেতন ও অবসর ভাতা পেলেও বছরের পর বছর অপেক্ষা করতে হয়। এ বিষয়ে প্রধানমন্ত্রী শিক্ষকদের প্রাণ্য অর্ধ যথানিয়মে যথাসময়ে ব্যাকের মতোই পৌছে দেওয়ার নির্দেশ দিয়েছেন। আশা করি, প্রধানমন্ত্রীর এই নির্দেশ যথাস্থ বাস্তবায়ন হবে।

### পানির হিমায় ভারতকে

পানি বটনের বিষয়ে নতুন চুক্তি করতে সরকারকে আহ্বান জানিয়েছেন জাতীয় যৌগিক পাটরি (এনসিপি) আহ্বায়ক ও বিরোধীদলীয় ডিফ হুইপ মো. নাহিদ ইসলাম। তিনি বলেন, বাংলাদেশ-ভারতের মধ্যে গঙ্গা পানি বটন চুক্তি নতুন করে সই করতে হবে। নদী ব্যবস্থাপনায় বাংলাদেশ কীভাবে বেশীদায়িত্ব রাখবে, সেটিও স্পষ্ট করতে হবে। আবার ফাহাদের চেতনাকে যদি আমরা ধারণ করতে চাই তাহলে ভারত-বাংলাদেশের সম্পর্ক ন্যায্যতার ভিত্তিতে, সমতার ভিত্তিতে পুনঃস্থাপন করতে হবে। পানির হিস্যায় আমরা এক চুল পরিমাণ ছাড় দেবো না। বুধবার (৭ সেপ্টেম্বর) বিকেলে রাজধানী পলাশী মাঝে বুটেটি শিক্ষার্থী আবার ফাহাদ হত্যার সত্ত্বে মার্কিনী উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় এসব কথা বলেন তিনি। আলোচনা সভার আয়োজন করে আবার ফাহাদ স্মৃতি সংসদ। নাহিদ ইসলাম বলেন, আবারা ফাহাদকে আমরা দেখছি বাংলাদেশের পক্ষের হিসেবে, বাংলাদেশের নদীর পানি যেন আমরা পান্যি সেটিই আবারা ফাহাদের চেতনা। সে বিষয় নিয়ে সামান্য ক্ষমবুদ্ধির স্ট্যাটাস দেওয়ার কারণে আবারা ফাহাদকে সারারাত নির্খানত করে হত্যা করা হয়েছিল। তিনি বলেন, আবারা ফাহাদ শুধু একটি ঘটনা, আওয়ামী লীগের ১৬ বছরে এরকম কয়েক হাজার ঘটনা বিশ্ববিদ্যালয়ের হলগুলোতে হয়েছে। নির্ঘাতন, গেট রুম-এবের মাধ্যমে যে আওয়ামী লীগ ক্ষমতায় ছিল তা সুস্পষ্ট হয় আবারা ফাহাদের মৃত্যুর মধ্য দিয়ে। এনসিপি আহ্বায়ক বলেন, আবারা ফাহাদ শুধু নদীর পানি নিয়ে সমালোচনা করেছিলেন। আওয়ামী লীগ ভারতের আশ্রাসনের এক্সটেনসন হিসেবে বাংলাদেশে ক্ষমতায় ছিল। গত ৫০ বছর বাংলাদেশ কী পেয়েছে সেই প্রশ্ন আবারা ফাহাদ করেছিলেন। তিনি আরও বলেন, ভারতের সঙ্গে আমাদের অনেক অভিন্ন নদী রয়েছে। বাংলাদেশে কখনোই এর পানির ন্যায্য হিস্যা পায়নি। এগুলো সম সমতার ভিত্তিতে হতে হবে।

### আবারার হত্যার প্রতিবাদই

ফাহাদের নির্মম হত্যাকাণ্ড দেশপ্রেমিক জনগণের মধ্যে প্রতিবাদের চেতনা আরও তীব্র করেছিল। তার আত্মত্যাগের মধ্য দিয়ে দেশের স্বাধীনতা, স্বাধীনতােরু ও জাতীয় স্বার্থ রক্ষার প্রশ্নে মানুষের মধ্যে নতুন করে জাগরণ তৈরি হয়েছিল। বুধবার (৭ অক্টোবর) বিকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনে শহীদ আবারা ফাহাদের সপ্তম শাশুদাংশর্ষিকী উপলক্ষে জাতীয়তাবাদী ছাত্রলল আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। রিজভী বলেছেন, আবারার হত্যা করে তৎকালীন শাসকগোষ্ঠী মূলত পুরো জাতির মধ্যে ভয় তৈরি করতে চেয়েছিল। দেশের স্বার্থ ও সার্বভৌমত্বের প্রশ্নে আবারার যে প্রতিবাদ করেছিলেন, সেটিই তার জন্য ‘অপরূহ’ হয়ে দাঁড়িয়েছিল। কিন্তু তাকে হত্যা করে সেই প্রতিবাদ থামানো যায়নি। তার ভাষা, আবারারের হত্যাকাণ্ড মানুষকে কাঁদিয়েছে, একই সঙ্গে দেশপ্রেমিক জনগণকে জাগিয়ে তুলেছে। এই জাগরণের ধারাবাহিকতায় ২০২৪ সালের ছাত্র-জনতার আন্দোলন এবং ৫ আগস্টের রাজনৈতিক পরিবর্তনের ক্ষেত্র তৈরি হয়েছিল। বিগত আওয়ামী লীগ (বর্তমানে ক্যব্রম্ন নিষিদ্ধ) সরকারের সমালোচনা করে রিজভী বলেন, ওই সময়ে দেশের সার্বভৌমত্বকে দুর্বল করে পার্শ্ববর্তী দেশের স্বার্থ রক্ষার নীতি গ্রহণ করা হয়েছিল। তৎকালীন প্রধানমন্ত্রী প্রকাশেই বলেছিলেন, ভারতকে যা দেওয়া হয়েছে, তা তারা মনে রাখবে। এই নতিবীকারের বিরুদ্ধে আবারার যে প্রতিবাদ করেছিলেন, তার পরিণতিতে তাতে প্রাণ দিতে হয়েছিল। দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্বের প্রশ্নে জাতীয়তাবাদী শক্তির অবস্থান তুলে ধরে রিজভী বলেন, কোনো আত্মসী শক্তির কাছে জাতীয়তাবাদী শক্তি কখনো আত্মসমর্পণ করবে না। দেশের স্বার্থবিরোধী যে কোনো ষড়যন্ত্রের বিরুদ্ধে শেষ রক্তবিন্দু পর্যন্ত লড়াই চালিয়ে যাওয়ার পথের বাজ করেন তিনি। অন্ত্যুতানে আবারারের বাবা মো. বরকত উল্লাহর পাশে বসার স্মৃতিভারণ করেন রিজভী। তিনি বলেন, আবারারের বাবা রাজারী বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ছিলেন এবং ১৯৯০ সালের রাকসু নির্বাচনে তাকে ভোট দিয়েছিলেন। শহীদেে বাবার কাজ থেকে নিজের জাতীত নির্বাচনের এমন স্মৃতি শুনে তিনি পরিত্রাভের অব্যোপন্নত হয়েছেন বলে জানান। মানবিকতার প্রসঙ্গ তুলে টেলস্টায়ের বক্তব্যের উদ্ধৃতি দিয়ে রিজভী বলেন, অনারের বেদনা অনুভব করতে পারাই মানবিক অস্তিত্বের অন্যতম বৈশিষ্ট্য। আবারারের হত্যাকাণ্ডের মধ্য দিয়ে পুরো জাতি

সেই বেদনা অনুভব করেছিল। ছাত্রদলের দীর্ঘ আন্দোলন-সংগ্রামের প্রসঙ্গ তুলে তিনি বলেন, সংগঠনটির নেতা-কর্মীরা রাজপথে বারবার নির্খানত ও হামলার শিকার হয়েছেন। বেগম খালেদা জিয়ার আপসহীন ধারাকে ধারণ করে তারা কোনো গোপন বা ছদ্মবেশী রাজনীতির আশ্রয় নেননি। রাজপথে আঘাত সহ্য করেই নিজেদের রাজনৈতিক অস্তিত্ব টিকিয়ে রেখেছেন।

### ধর্ম-বর্ণ-সম্প্রদায় নির্বিশেষে

প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেন, আমরা এমন একটি বাংলাদেশ গড়ে তুলতে চাই, যেখানে ধর্ম-বর্ণ-পরিচয় কোনো কিছুই মানুষের অধিকার ও সুযোগের ক্ষেত্রে বাধা হয়ে দাঁড়াবে না। দেশের প্রতিটি নাগরিকের সমান অধিকার ও মর্যাদা নিশ্চিত করাই আমাদের লক্ষ্য। বুধবার (৭ অক্টোবর) সচিবালয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে হিন্দু ও বৌদ্ধ সম্প্রদায়ের প্রতিনিধিদের সঙ্গে এক মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন। সভায় শারদীয় দুর্গাপূজা উপলক্ষে সরকারি ছুটি বাড়ানোয় হিন্দু সম্প্রদায়ের প্রতিনিধিরা প্রধানমন্ত্রীকে বিশেষভাবে ধন্যবাদ জানান। তারা বলেন, সরকারের এ সিদ্ধান্ত দেশের হিন্দু সম্প্রদায়ের মধ্যে উৎসবের আনন্দ আরও বাড়িয়েছে। মতবিনিময়কালে হিন্দু ও বৌদ্ধ সম্প্রদায়ের প্রতিনিধিরা তাদের বিভিন্ন সমস্যা, প্রয়োজন ও দাবি-দাওয়া প্রধানমন্ত্রীকে কাছে তুলে ধরেন। প্রধানমন্ত্রী তাদের বক্তব্য মনোযোগ দিয়ে শোনেন এবং বলেন, সরকার সব সম্প্রদায়ের মানুষের কল্যাণে আন্তরিকভাবে কাজ করছে। তিনি বলেন, সরকারের পক্ষ থেকে যতটুকু করা সম্ভব, আমরা সর্বোচ্চটুকু করার চেষ্টা করছি। আপনাদের যৌক্তিক দাবি ও সমস্যাগুলো গুরুত্বের সঙ্গে বিবেচনা করা হবে। এ সময় হিন্দু সম্প্রদায়ের প্রতিনিধিরা প্রধানমন্ত্রীকে বিভিন্ন পূজামণ্ডপ পরিদর্শনের আমন্ত্রণ জানান। প্রধানমন্ত্রী শারদীয় দুর্গাপূজা উপলক্ষে হিন্দু সম্প্রদায়ের সবাইকে ও একই সঙ্গে বৌদ্ধ সম্প্রদায়ের সবাইকে কর্তন চীবার দান উপলক্ষে প্রত্যেকজা জানান এবং দেশের সব নাগরিকের শান্তি, সমৃদ্ধি ও কল্যাণ কামনা করেন। হিন্দু ও বৌদ্ধ সম্প্রদায়ের প্রতিনিধিরাও প্রধানমন্ত্রীকে তাদের ধর্মীয় উৎসবের শুভেচ্ছা জানান। পরে শারদীয় দুর্গাপূজা উপলক্ষে হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্টকে ৫ কোটি টাকা এবং বৌদ্ধ সম্প্রদায়ের ধর্মীয় উৎসব উপলক্ষে ৫ কোটি টাকা বরাদ্দের চেক হস্তান্তর করেন প্রধানমন্ত্রী। দুর্গাপূজার জন্য হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট অনুদান চেয়েছিল ৪ কোটি টাকা। প্রধানমন্ত্রী বিশেষ বিবেচনায় ৫ কোটি টাকা বরাদ্দ দেন। একইভাবে বৌদ্ধ সম্প্রদায়ের কর্তন চীবার দান অনুষ্ঠানের জন্য বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট ২ কোটি টাকা চেয়েছিল, প্রধানমন্ত্রী বিশেষ বিবেচনায় তাদের জন্য ৩ কোটি টাকা বরাদ্দ দেন।এছাড়া দুর্গাপূজা উপলক্ষে ২০-২৪ অক্টোবর পর্যন্ত টানা ৫দিন ছুটি ঘোষণা করে সরকার? বরাদ্দের অর্থ হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট/বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট ও বেলা প্রকাশনের মাধ্যমে সংশ্লিষ্ট উপকারভোগীদের কাছে পৌছে দেওয়া হবে। এতে উপকারভোগীরা সরাসরি তাদের ব্যাংক হিসাবের মাধ্যমে বরাদ্দের অর্থ গ্রহণ করতে পারবেন। বঙ্গবন্ধুর জন্য হিন্দু ও বৌদ্ধ সম্প্রদায়ের প্রতিনিধিরা প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানান এবং সরকারের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। বৈঠকে প্রধানমন্ত্রীর কার্যালয়ের উপরত্নত ককর্তীদের পাশাপাশি প্রধানমন্ত্রীর বিশেষ সহকারী বিজন কান্তি সরকার, ঢাকা জেলা বিনএপি়র সাধারণ সম্পাদক ও সংসদ সদস্য নিপুণ রায় চৌধুরী, সংসদ সদস্য মিস সূবর্ণ ঠাকুর শিকদার, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্টের সহ-সভাপতি তপন চন্দ্র মজুমদার, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্টের সাধারণ সম্পাদক দেপেন্দ্র নাথ উরীও, কলিবোলা সম্পাদক সন্তোষ শর্মা, বিনএপি়র সহ-ধর্মবিশ্বক সম্পাদক অমলেন্দু দাস অণু এবং বিনএপি়র জাতীয় নির্বাহী কমিটির সদস্য সুশীল চন্দ্র বড়ুয়াসহ সংশ্লিষ্ট ব্যক্তিত্ব উপস্থিতি ছিলেন।

### দরিদ্র-সুবিধাবঞ্চিত মানুষের

আলমগীর। বুধবার (৭ অক্টোবর) দুপুরে বঙ্গবন্ধব ঢাকা কমিউনিটি হাসপাতাল (ডিসিএইচ) ট্রাস্টের সমন্বয়ক অধ্যাপক ডা. মাহমুদর রহমানের নেতৃত্বে একটি প্রতিনিধি দলের সঙ্গে সৌজন্য সাক্ষাৎকারে রত্নপতি এ আবারা জানান। সাক্ষাৎকারে র্ত্নপতি বলেন, ঢাকা কমিউনিটি হাসপাতাল ট্রাস্ট দীর্ঘদিন ধরে দরিদ্র ও অসহায় মানুষের চিকিৎসােসবায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসে। মির্জা ফখরুল ইসলাম জানান, তিনি নিজেও অনেক দরিদ্র রোগীকে ওই হাসপাতালে চিকিৎসার জন্য পাঠিয়েছেন এবং প্রতিষ্ঠানটি তাদের চিকিৎসােসবায় সহযোগিতা করেছে। এ জন্য ট্রাস্টের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন র্ত্নপতি। প্রতিনিধিদলের পক্ষ থেকে হাসপাতাল ও স্বাস্থ্যসেবার বিষয়ে সহযোগিতা কামনা করা হলে র্ত্নপতি প্রয়োজনীয় সহযোগিতার আশ্বাস দেন। এ সময় প্রতিনিধি দল আগামী ৩০ নভেম্বর রাজধানীর প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেল অনুষ্ঠিতব্য ‘ডিজাস্টার প্রিপেয়ার্ডনেস আন্ড রেজিলিয়েন্ট বাংলাদেশ: লিডিং দ্য ফিউচার’ শীর্ষক আন্তর্জাতিক সম্মেলনে প্রধান অতিথি হিসেবে র্ত্নপতির আমন্ত্রণের তার হাতে তুলে দেন। র্ত্নপতি অনুষ্ঠানে অংশগ্রহণে সম্মতি দিয়েছেন বলে জানা গেছে। প্রতিনিধিদলে আরও উপস্থিতি ছিলেন, ঢাকা কমিউনিটি হাসপাতাল ট্রাস্টের প্রকল্প ও পরবেশা পরিচালক মো. গোলাম মোস্তফা, পরিচালক প্রফেসর ডা. ওমর শরীফ ইবনে হাসান ও জনসংযোগ বিভাগের পরিচালক ওয়ারার হোসেন তপন। এ সময় র্ত্নপতির সামরিক সচিব ও জনবিভাগের সচিব উপস্থিতি ছিলেন।

### মধ্যরাত থেকে বন্ধ ইলিশ ধরা

অধিদপ্তরের কর্মকর্তারা জানিয়েছেন, নিষেধাজ্ঞাফলে তাঁদের প্রধান লক্ষ্য মেঘনা তীরবর্তী হিজলা ও মেহেন্দীগঞ্জে। কিন্তু সেখানে নেই পর্যাপ্ত অর্থ, নেই জনবল। তার ওপর নতুন সরকারের নেতাদের কাছ থেকে কতটা সহযোগিতা পাওয়া যাবে তা নিয়েও চিন্তিত মনস্য সেক্টর। বিভাগীয় মনস্য কর্মকর্তা কামরুল হাসান বলেন, বরিশাল বিভাগের হিজলা, মেহেন্দীগঞ্জ, মনপুরা, চরফাশা, দৌলতচাঁন, গলাচিপা়সহ বিভিন্ন উপজেলায় মনস্য কর্মকর্তা নেই। নতুন করে ইলিশের অভয়াশ্রম হিজলা ও মেহেন্দীগঞ্জে দুজন কর্মকর্তা পদায়ন করা হয়েছে। এছাড়া উপসহকারী কর্মকর্তাদের এসব পদে সংযুক্ত করা হয়েছে। ‘তবে এবার বাজেট বরাদ্দ কম থাকায় নানা চ্যালেঞ্জ রয়েছে। মনে হয়, অভিযানের মধ্যে রাজস্ব খাত থেকে হলেও বরাদ্দ দেওয়া হবে’, বলেন তিনি। বরিশাল বিভাগীয় ক্ষুদ্র মৎস্যজীবী সমিতির সভাপতি ইসরাইল পণ্ডিত বলেন, এনজিওর ঋণের কিস্তি পরিশোধ করতে গিয়ে অসংখ্য জেলে বিপাকে রয়েছেন। তাদের জন্য ভিজিএফ হিসেবে ২৫ কোটি ঢালের বরাদ্দ একেবারেই সামান্য। আমরা ১০০ কেজি চাল বরাদ্দের দাবি জানাই। বিভাগীয় মনস্য অফিস জানিয়েছে, এবার সারাদেশে ৬ লাখ ৪৬ হাজার ২৯০ জেলেকে ২৫ কোটি করে চাল দেওয়ার জন্য ১৬ হাজার ১৫৭ মেট্রিক টন চাল বরাদ্দ দেওয়া হয়েছে। এর মধ্যে বরিশাল বিভাগের ৩ লাখ ৫৮ হাজার ৫১৬ জেলের জন্য ৮ হাজার ৯৬২ মেট্রিক টন চাল বরাদ্দ দেওয়া হয়েছে। বরিশাল বিভাগের মধ্যে ভোলায় সর্বোচ্চ ১ লাখ ৬৮ হাজার নিবন্ধিত জেলসহ জেলায় দুই লক্ষাধিক জেলে রয়েছেন। এর মধ্যে নিষেধাজ্ঞাকালীন সহায়তা হিসেবে কর্মহীন ১ লাখ ৪৩ হাজার ৬ জন জেলের জন্য ৩ হাজার ৫৯০ মেট্রিক টন চাল বরাদ্দ দিয়েছে সরকার। বরিশাল জেলা সিনিয়র মনস্য কর্মকর্তা ড. হাদিউজ্জামান বলেন, মা ইলিশ রক্ষায় এবারের নিষেধাজ্ঞা ব্যবস্থায় বড় চ্যালেঞ্জ। কারণ ত জনে ইলিশ সম্পদ উন্নয়ন ও বাস্তবায়ন প্রকল্প শেষ হয়েছে। যার মাধ্যমে অসংখ্যদের বড় বাজেট মিত। এখন রাজস্ব খাত থেকে ব্যয় মিতোত হবে। বাজেট যদি আগের মত হয় তাহলে কীভাবে ২২ দিনের অভিযান চলবে? কেননা আগের বাজেটে হিজলা, মেহেন্দীগঞ্জে ২ দিনে

নৌযানের তেল শেষ হয়ে যাবে। অভিযান প্রসঙ্গে ড. হাদি বলেন, হিজলা ও মেহেন্দীগঞ্জের মেঘনায় এবার ২টি লঞ্চ থাকবে। তা ছাড়া স্পিডবোটও থাকবে। তারা চেষ্টা করছেন মা ইলিশ রক্ষায় নদী তীরবর্তী ব্যবসায়ী ও জনপ্রতিনিধিদের যুক্ত করতে। এ জন্য প্রতিটি ঘাট থেকে স্বেচ্ছাশ্রমের ভিত্তিতে ৫ জন জনবল নিতে ইউএনওদের চিঠি দিয়েছেন। তিনি বলেন, জেলদের নদীতে না নামতে স্থানীয় এমপিদের কাছেও সহযোগিতা চাওয়া হয়েছে। জেলায় ভিজিএফ চাল পাচ্ছে ৭৯ হাজার ৮৯০ পরিবার। যদিও জেলে রয়েছে ৮৪ হাজার ২৯৫ জন। মা ইলিশ রক্ষা ও টেকসই মনস্য সম্পদ নিশ্চিত করতে বরিশালে বিভাগীয় জনসচেতনতা সভা অনুষ্ঠিত হয়েছে। বুধবার বরিশালে আয়োজিত ‘মা ইলিশ রক্ষা ও টেকসই মনস্য সম্পদ বরিশাল বিভাগীয় জনসচেতনতা সভা-২০২৬ এ জেলে ও সংশ্লিষ্টদের ইলিশ সংরক্ষণে সরকারি নিষেধাজ্ঞা মেনে চলার আহ্বান জানানো হয়। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরিশাল বিভাগীয় কমিশনার খলিল আহমেদ। সভাপতিত্ব করেন বরিশালের জেলা প্রশাসক মো. মামুন খন্দকার। বক্তারা বলেন, মা ইলিশ রক্ষা করা গেলে ইলিশের উৎপাদন ও মনস্যসম্পদের স্থায়িত্ব বাড়বে।

### রাজাপুরে ইয়াবাসহ যুবদল

সংরক্ষের ভিত্তিতে দক্ষিণ মনোহরপুর এলাকায় অভিযান চালানো হয়। এ সময় রাসুল ও নয়নকে আটক করে তত্ত্বাশি চালিয়ে ২০টি ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়। পরে এ ঘটনায় পুলিশ বাদী হয়ে তাদের বিরুদ্ধে মাদকপ্রাণ নিয়ন্ত্রণ আইনে মামলা করেছে। রাজাপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সুজন বিশ্বাস বলেন, গ্রেতার দুজনকে বুধবার সকালে ঝালকাঠি আদালতে পাঠানো হবে।

### প্রাথমিকের শিক্ষক নিয়োগ: চাকরি

২৬ জন। তাদের মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত করা হয়। পরে গত ৮ ফেব্রুয়ারি চূড়ান্ত ফল প্রকাশ করা হলে ১৪ হাজার ৬৮৪ জনকে সহকারী শিক্ষক পদে নিয়োগের জন্য সুপারিশ করা হয়। এরপর গত ২৪ সেপ্টেম্বর জেলাভিত্তিক নিয়োগের আদেশ জারি করে প্রার্থীদের প্রয়োজনীয় কাগজপত্র জমা দিতে বলা হয়। কয়েক ধাপে দেওয়া ওই নির্দেশনার পর ১৩ হাজার ৮১১ জন কাগজপত্র জমা দেন। বাকি প্রার্থীদের মধ্যে ৫৫২ জন কোনো কাগজপত্র জমা দেননি। এছাড়া একজন প্রার্থী মারা গেছেন। কাগজপত্র জমা দেওয়া প্রার্থীদের মধ্যে ১৩ হাজার ৭৪৮ জন নিয়োগপত্র পান। তবে তাদের সবই চাকরিতে যোগ দেননি। নির্ধারিত সময়ের মধ্যে ১২ হাজার ৮৩০ জন পদে যোগ দিলেও ৯১৮ জন নিয়োগপত্র হাতে পেয়েও কাজে যোগ দেননি। সব মিলিয়ে কাগজপত্র জমা না দেওয়া ৫৫৩ জন এবং নিয়োগপত্র পেয়েও যোগ না দেওয়া ৯১৮ জনহই মোট ১ হাজার ৪৭১ জন সহকারী শিক্ষক পদে যোগ দেননি। অধিদপ্তরের কর্মকর্তারা বলছেন, তাদের কেউ অন্য চাকরিতে চলে গেছেন, আবার কেউ নিয়োগ প্রক্রিয়ায় আর অগ্রহ দেখাননি। এদিকে নিয়োগের বিভিন্ন ধাপে ভেরিফিকেশনে বাদ পড়া প্রার্থীদের কেউ কেউ পরবর্তী সময়ে নিয়োগপত্র পেলেও ৮৩ জন শেষ পর্যন্ত নিয়োগ পাননি। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক (এডিটি) আবদুর রহিম বলেন, অনেক প্রার্থী কাগজপত্র জমা না দেওয়ায় শুরু থেকেই বোঝা গেছে তারা চাকরিতে আগ্রহী নন। আবার কেউ নিয়োগপত্র পেয়েও যোগ দেননি। তাদের অনেকের অন্য জায়গায় চাকরি হয়ে থাকতে পারে। সরকারি নিয়োগে এ ধরনের ঘটনা নতুন নয়। তবে বিপুলসংখ্যক প্রার্থী যোগ না দেওয়ায় এবার নিয়মটি অধিদপ্তরের জন্য কিছুটা চাপ সৃষ্টি করেছে। আবদুর রহিম বলেন, বড় একটি নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করতে সময় ও অর্থ ব্যয় হয়। এরপরও পদ শূন্য থাকলে নিয়াদায়ত্ত্বােতে শিক্ষক সেক্টর তৈরি হয়। এ কারণে পদে নতুন নিয়োগ বিকল্পি তৈয়ার করতে চলেছে।

### অবৈধভাবে বান্ তোলায় বরিশালে

(৬ অক্টোবর) রাত ১টা থেকে বরিশাল সদর উপজেলার শায়েস্তাবাদ সংলগ্ন ডাউডাল খাঁ নদীতে অভিযান পরিচালনা করা হয়। কোর্ট গার্ড স্টেশন বরিশাল ও বরিশাল সদর সহকারী কমিশনার (ভূমি) কার্যালয়ের সমন্বয়ে এ অভিযান পরিচালিত হয়। অভিযান চলাকালে নদীর ওই এলাকায় অবৈধভাবে বান্ উত্তোলনের সময় দুটি ড্রেজার ও নিনটি বন্ধকতে জব্দ করা হয়। তবে কোর্ট গার্ডের উপস্থিতি টের পেয়ে বান্ উত্তোলনে জড়িত ব্যক্তিরা পালিয়ে যাওয়ায় ঘটনাস্থল থেকে কাউকে আটক করা সম্ভব হয়নি। পরে বরিশাল সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মোবাইল কোর্ট পরিচালনা করেন। এসময় জব্দ করা ড্রেজার ও বন্ধকতেের মালিকদের কাছ থেকে মোট ৫ লাখ ৫০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। অভিযান শেষে মূলচলা নিয়ে জব্দ করা ড্রেজার ও বন্ধকতেগুলো ছেড়ে দেওয়া হয় বলে জানিয়েছে কোর্ট গার্ড। কোর্ট গার্ডের মিডিয়া কর্মকর্তা লেফটেন্যান্ট কমান্ডার সান্দিপ আলম সুজন বলেন, নদী থেকে অবৈধভাবে বান্ উত্তোলনের ফলে নদীর তীরবর্তী এলাকার ফসলি জমি ও বসতভিটা ক্ষতিগ্রস্ত হওয়ার আশঙ্কা থাকে। বান্গুলোদের হাত থেকে নদী তীরবর্তী মানুষের ফসলি জমি ও বসতভিটা রক্ষায় বাংলাদেশ কোর্ট গার্ড ভবিষ্যতে এ ধরনের অভিযান অব্যাহত রাখবে।

### দেশের স্কুলে ভর্তি পরীক্ষা

থেকে নবম শ্রেণি পর্যন্ত ভর্তির জন্য পরীক্ষা না নিয়ে ডিভিটাল লটারি করার সিদ্ধান্ত নিয়েছিল সরকার। কিন্তু ক্ষমতাগর আসার পর বিনএপি সরকার লটারি পদ্ধতি বাতিল করে স্কুলগুলোতে ভর্তি পরীক্ষার সিদ্ধান্ত নেয়। গত ১৬ মার্চ সর্বোা সম্মেলনে শিক্ষামন্ত্রী ড. আ ন ম এছালাুল হক মিলন এই তথ্য জানান। ওইদিনই স্কুলগুলোর পক্ষ থেকে লটারি বাতিল করে প্রজ্ঞাপনও জারি করা হয়। পরে সংশোধিত আরেকটি প্রজ্ঞাপন জানানো হয়, দ্বিতীয় শ্রেণি থেকে নবম শ্রেণি পর্যন্ত ভর্তি পরীক্ষা নেওয়া হবে। শুধু প্রথম শ্রেণিতে লটারিতে ভর্তি নেওয়া হবে। আইনজীবী জাহিদ তালুকদার বলেন, বাংলাদেশের শিক্ষামন্ত্রী সরকারি ও বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ে শিশুদের ভর্তির ক্ষেত্রে বিদ্যমান লটারি পদ্ধতি বাতিলের ঘোষণা দেওয়ার পর এ নিয়ে তুমুল বিতর্ক দেখা দেয়। পাশাপাশি শিক্ষাবিদরা জানিয়েছেন, এই ব্যবস্থার ফলে কোটিং বাণিজ্য মাথাচাড়া দিয়ে উঠবে। এ ছাড়া খুদে শিক্ষার্থীরা ভর্তি পরীক্ষার নামে টাচের মুখে পড়বে। তিনি আরও বলেন, সরকার লটারি বাতিল করার যে সিদ্ধান্ত নিয়েছে তা পর্যাপ্ত গবেষণা, তথ্য উপাত্ত ও সঠিক মূল্যায়নের ভিত্তিতে হয়নি। সরকার অংশীজনদের সঙ্গে আলোচনা করে একতরফাভাবে এই সিদ্ধান্ত নিয়েছে। স্কুল পর্যায়ে ভর্তি পরীক্ষার নিয়ম সামলে অসমতা তৈরি করবে। সমাজের দ্বিহ্নে শ্রেণির শিশুরা কোটিং ও টিউটরের ব্যয় বহন করতে পারবে না। ফলে নিজেদের পড়বে। আশঙ্কা প্রকাশ করে এই আইনজীবী আরও বলেন, সরকার যে সিদ্ধান্ত নিয়েছে তা বাস্তবায়ন হলে দুর্নীতি, স্বজন-প্রীতি ও বৈষম্য বাড়বে। আমরা চাই না, কোমলমতি শিশুরা প্রতি বছর ভর্তি পরীক্ষায় বোঝা নিয়ে বেড়ে উঠুক। এ সব বিবেচনায় আমরা স্কুলে ভর্তি পরীক্ষা বাতিল চেয়েছি। আগামী সত্তাবে বিচারপতি এস, এম মনিরুজ্জামান ও এস, এম ইফতেখার উদ্দিন মাহমুদের হাইকোর্ট আবেদনটি ওপর ভনানি হতে পারে বলে জানান রিটকারী আইনজীবী জাহিদ তালুকদার।

### প্রধানমন্ত্রী স্বর্ণপদকে মনোনীত

রসায়ন বিভাগের অরিন্দম কর্মকার, বাংলা বিভাগের অন্তরা হালদার এবং লোক প্রশাসন বিভাগের আব্দুল কাদের। এদিকে ১৩ শিক্ষার্থীর এ অর্জনে তাদের অভিনন্দন জানিয়েছেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. মামুন অর রশিদ। অভিনন্দন বাতীয় উপাচার্য বলেন, শিক্ষার্থীদের এ গৌরবোজ্জ্বল অর্জন তাদের একাডেমিক সাফল্যের অন্য যীকৃতি। এ সাফল্য বিশ্ববিদ্যালয়ের অন্য শিক্ষার্থীদেরও ভালো ফলাফল, জ্ঞানচর্চা ও গবেষণামুখী হতে অনুপ্রাণিত করবে। তিনি আশা প্রকাশ করেন, শিক্ষার্থীদের এ কৃতিত্ব বরিশাল বিশ্ববিদ্যালয়ের সামগ্রিক একাডেমিক সাফল্যের ধারাকে এবারও সমৃদ্ধ করবে।

### দ্বী়র সঙ্গে ঝগড়ার পর গ্যাস ট্যাবলেট

ঘর নির্মাণ করে বসবাস করে আসছিলেন। স্থানীয় ও পারিবারিক সূত্রে জানা গেছে, মঙ্গলবার বিকালে খাঁ খালিঙ্গা বেগমের সঙ্গে পারিবারিক বিষয় নিয়ে তার বাণ্য/বিতণ্ডা হয়। পরবর্তীকালে সন্ধ্যায় স্থানীয় বাজার থেকে কীটনাফক (গ্যাস ট্যাবলেট) কিনে এনে নিজ ঘরে থান তিন। পরিবারের সদস্যরা তাঁকে ঘরের মধ্যে অচেতন অবস্থায় পড়ে থাকতে দেখে উদ্ধার করে পড়ো দশমিনা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান।

সেখানে কর্তব্যরত চিকিৎসক তাঁকে মৃত ঘোষণা করেন। আলমের ভাণনে মো. জাকির হাওলাদার বলেন, ‘চিকিৎর শুনে তাঁদের ঘরে গিয়ে দেখি, খালু ঘরের মেঝেতে পড়ে আছেন। তিনি গ্যাস ট্যাবলেট খাওয়ার কথা জানান। পরে দ্রুত তাঁকে দশমিনা হাসপাতালে নিয়ে যাই। সেখানে চিকিৎসক তাঁকে মৃত ঘোষণা করেন।’ দশমিনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আতিকুর রহমান বলেন, ‘হাসপাতাল থেকে মরদেহ উদ্ধার করে থানায় আনা হয়েছে। এ ঘটনায় একটি অণুমুচুা মামলা হয়েছে। বুধবার সকালে ময়নাতপ্তের জন্য মরদেহ পটুয়াখালী সদর হাসপাতালের মর্মে পাঠানো হয়েছে। পরে মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হয়।’

### ফ্যামিলি কার্ডের ছবি তোলার কথা

কালো রঙের একটি হিরো মোটরসাইকেলে করে দুই যুবক রোশনা বেগমের বাড়ির সামনে যায়। তারা নিজেদের সরকারি ফ্যামিলি কার্ড করে দেওয়ার কথা জানিয়ে তার পরিবারের বিভিন্ন তথ্য সংগ্রহ করে। একপর্যায়ে ‘লাইভ ভেরিফিকেশনের’ জন্য ছবি তুলতে বই বলে রোশনা বেগমকে জানানো হয়। তিনি মোবাইল ফোনে ক্যামেরার দিকে তাকালে সুযোগ বুঝে তার কান থেকে স্বর্ণের দুল টেনে নেয় ওই দুই যুবক। বিষয়টি বুঝে গঠার আগেই তারা মোটরসাইকেলে করে দ্রুত পালিয়ে যায় বলে অভিযোগ করেন ভুক্তভোগী। ঘটনার পর এলাকায় চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। স্থানীয় বাসিন্দা ইলিয়াসসহ কয়েকজন জানান, বিভিন্ন কৌশলে প্রতারণার ঘটনা বেড়ে যাওয়ায় সাধারণ মানুষের মধ্যে উদ্বেগ তৈরি হয়েছে। সরকারি বিভিন্ন সুবিধার কথা বলে অপরিত্তি ব্যক্তিদের কাছে ব্যস্তিতত তথ্য দেওয়ার ক্ষেত্রে সবাইকে সতর্ক থাকার আহ্বান জানান তারা। ওয়ার্ডেই ইউপি সদস্য মো. সেলিম সিকদার বলেন, ‘ঘটনাটি আমি শুনেছি। বর্তমানে এলাকায় প্রতারক চক্রের তৎপরতা বেড়েছে। তারা বিভিন্নভাবে গ্রামের স্কুল-সরল মানুষকে প্রতারণার ফাঁদে ফেলছে। এ বিষয়ে সবাইকে সতর্ক থাকতে হবে।’ এ বিষয়ে বোহালুন্দিদীন উলেকো নির্বাহী কর্মকর্তা মনোরঞ্জন বর্মনের বক্তব্য জানতে একাধিক ফোন করা হলেও তাকে পাওয়া যায়নি।

### আয় কমলেও বেড়েছে মূল্যস্ফীতি

৮ দশমিক শূন্য ৫ শতাংশ। কৃষিক্ষ্রমিক, শিল্প খাতেও কন্নী কিব্বা সেবা খাত-সবক্ষেত্রেই শ্রমিকের মজুরি কমে গেছে। ফলে একদিকে আরের সংকেচান এবং অন্যদিকে খরচের বোঝা বৃদ্ধি পেয়ে নিম্ন আরের মানুষের জীবনধারণ সংকটে পড়েছে। স্ৰাতি বছরের সেপ্টেম্বরের সবচেয়ে বেশি চাপ তৈরি করেছে খাদ্য মূল্যস্ফীতি। প্রতিবেদনে বলা হয়েছে, সেপ্টেম্বরে খাদ্য খাতে মূল্যস্ফীতি বেড়ে দাঁড়িয়েছে ৭ দশমিক ২২ শতাংশে, যা আগস্টে ছিল ৭ দশমিক শূন্য ২ শতাংশ। মাত্র এক মাসের ব্যবধানে খাদ্য মূল্যস্ফীতি শূন্য দশমিক ২০ শতাংশ বৃদ্ধি পেয়েছে। এর প্রত্যক্ষ প্রভাবে মাছ, মাংস, ভোজ্যবিশেষ, ডাল, লবণ ও হরেক রকমের শাকসবজিসহ প্রায় সব ধরনের নিত্যপণ্য বিক্রেতাই ভোক্তাদের বাড়তি টাকা গুনতে হচ্ছে। অন্যদিকে খাদ্যাবহিহৃত খাতে সেপ্টেম্বরে মূল্যস্ফীতির হার কিছুটা কমে ৭ দশমিক ৩০ শতাংশ হয়েছে, যা আগস্টে ছিল ৯ দশমিক ৩২ শতাংশ। এক মাসের ব্যবধানে এই খাতে সামান্য স্বল্পি দেখা গেলেও আগের বছরের এইই সময়ের তুলনায় পরিস্থিতি এখন বেশ চড়া। গত বছরের সেপ্টেম্বরে খাদ্যাবহিহৃত খাতে মূল্যস্ফীতির হার ছিল ৮ দশমিক ৯৮ শতাংশ। অঞ্চলভেদে পরিসংখ্যান বিশ্লেষণ করে দেখা যায়, শহরের তুলনায় গ্রাম্য এলাকায় পণ্যের দাম ও জীবনযাত্রার খরচের চাপ বেশি। সেপ্টেম্বর মাসে গ্রামে সাধারণ মূল্যস্ফীতির হার ৮ দশমিক ৩৬ শতাংশ রেকর্ড করা হয়েছে। তার বিপরীতে শহরের মধ্যে সাধারণ মূল্যস্ফীতির হার কিছুটা কম, অর্থাৎ ৮ দশমিক ২৬ শতাংশ। রাজুরি কমে যাওয়ার বিষয়ে বিবিএসের বিস্তারিত তথ্যে দেখা গেছে, অর্থনীতির প্রধান প্রধান সব খাতেই আয় সংকুচিত হয়েছে। সেপ্টেম্বরে কৃষি খাতে মজুরি সূচক কমে দাঁড়িয়েছে ৭ দশমিক ৮৯ শতাংশে, আগস্টে যা ছিল ৮ দশমিক শূন্য ৭ শতাংশ। শিল্প খাতেও এভাবে প্রবণতা দেখা গেছে; আগস্টে এই সূচক ৭ দশমিক ৯৭ শতাংশ থাকলেও সেপ্টেম্বরে তা কমে ৭ দশমিক ৮৬ শতাংশে নেমে এসেছে। একই ধারাবাহিকতায় সেবা খাতে মজুরি কমে ৮ দশমিক শূন্য ৭ শতাংশ হয়েছে, যা আগের মাসে আগস্টে ছিল ৮ দশমিক ২৫ শতাংশ।

### সন্ত্রাসবিরোধী আইনের মামলায়

চালিয়ে শহিদ আলমকে গ্রেপ্তার করা হয়। এ ঘটনায় নলছিটি থানায় সন্ত্রাসবিরোধী আইনে মামলা হয়েছে। মামলার নম্বর আট। নলছিটি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তৌহিদজ্জামান সোহাগ জানান, মামলার পরিপ্রেক্ষিতে অভিযান চালিয়ে শহিদ আলমকে গ্রেপ্তার করা হয়। পরবর্তী আইনগত প্রক্রিয়া শেষে তাকে আদালতে সোপর্দ করা হয়েছে।

### মা ছেড়ে গেছেন, দুর্ঘটনায় বাবা

হাসপাতালে চিকিৎসাধীন শিশুটির অবস্থা সংকটাপন্ন বলে জানিয়েছে পরিবার। স্বপন ছিলেন পরিবারের একমাত্র উপার্জনক্ষম ব্যক্তি। তাঁর তিন ছেলে ও এক মেয়ে। মেয়ের বিয়ে হয়েছে প্রায় বছর আগে। স্ত্রী প্রায় আট মাস আগে ছোট ছেলে নাস্টমকে রেখে অন্যত্র চলে যাওয়ার পর শিশুটির পুরো দায়িত্ব পড়ে স্বপনের ওপর। আবারের সংসারে ছেলেকে আগলে রেখেই চলছিল তাঁর জীবন। বুধবার (৭ অক্টোবর) দুপুরে গৃহঘণ ও গণপূর্ত প্রভিন্নমন্ত্রী আহমদ সোহেল মনজুর এর নির্দেশনায় উপজেলার বলদিয়া প্রদেশীয় প্রকৌশলী রাহাণীরা গ্রামে নিহতের বাড়িতে যান উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আশিক আহমদে। তিনি শোকাত্ত পরিবারের খৌজখবর নেন এবং প্রতিমন্ত্রী ও উপজেলা প্রশাসনের পক্ষে মৃতের বাবা মোহাম্মদ ইব্রাহিম এর হাতে নগদ সহায়তা ৪০ হাজার টাকা হস্তান্তর করেন। এ সময় বলদিয়া ইউনিয়নের প্রশাসক বশির আহমেদ, প্রকৌশলী প্রকৌশলী রাহীম ইসলাম, সোনালী ব্যাংক স্বরূপকাঠি শাখার ম্যানেজার দিপেন্দ্র নাথ মন্ডলসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তি ও সাক্ষাদিকেরা উপস্থিত ছিলেন। ইউএনও জানান, প্রতিমন্ত্রীর নির্দেশে পরিবারটির পাশে দাঁড়ানো হয়েছে। আহত শিশুটির চিকিৎসাসহ ভবিষ্যতে সার্বিক সহায়তার আশ্বাস দিয়েছে উপজেলা প্রশাসন ও স্থানীয় ইউনিয়ন পরিষদ। শিশুটিকে উন্নত চিকিৎসার জন্য বরিশাল থেকে ঢাকা পত্ন হাসপাতালে স্থানান্তর করা হয়েছে। স্থানীয়রা জানান, ঘরোয়া দিন শুরু হওয়ার উপজেলার বহুরাকার্তি এলাকার একটি কাঠের দোকান থেকে চোরাই কাঠ ভাণনে করে অন্যত্র নিয়ে যাচ্ছিলেন। সঙ্গে ছিল নাস্টম। হাজীরপুল এলাকায় সিলব্রিজেগে উঁচু অংশে ওঠার সময়ে হঠাৎ ঘাটানি নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশে থাকের পাড়ে রাখা গোলকঠের ওপর উল্টে যায়। ভান ও কাঠের নিচে ঢাপা পড়েন স্বপন। ন



## কবীর্ভনাথানা

আব্দুলবাকি হারিদিন

### বরিশাল অঞ্চলকে ইসলামী আন্দোলনের দুর্গে

শৃঙ্খলা ও জনকল্যাণমূলক কার্যক্রমের মাধ্যমে মানুষের আস্থা অর্জন করতে হবে। নিয়মিত দাওয়াতি তৎপরতা জোরদার করে সমাজের প্রতিটি শ্রেণি-পেশার মানুষের কাছে ইসলামের কল্যাণের বার্তা পৌঁছে দিতে হবে। তিনি বলেন, বরিশাল অঞ্চলের প্রতিটি জেলা ও মহানগরীতে সাংগঠনিক কার্যক্রম আরও গতিশীল করতে হবে। কর্মীদের নিজেদের দায়িত্ব সম্পর্কে সচেতন হওয়ার পাশাপাশি মানুষের সমস্যা, দুর্ভোগ ও প্রত্যাশার সঙ্গে সম্পৃক্ত হয়ে কাজ করতে হবে। পরিকল্পিত দাওয়াতি তৎপরতা, গণসংযোগ ও জনকল্যাণমূলক কর্মকাণ্ডের মাধ্যমে বরিশাল অঞ্চলকে ইসলামী আন্দোলনের একটি শক্তিশালী দুর্গে পরিণত করার লক্ষ্যে সবাইকে একাবদ্ধভাবে কাজ করতে হবে। তিনি আরও বলেন, সমাজে ন্যায়, ইনসাফ, সত্যতা ও মানবিক মূল্যবোধ প্রতিষ্ঠার জন্য সংগঠনের দায়িত্বশীলদের নিষ্ঠা ও ত্যাগের সঙ্গে কাজ করতে হবে। সাংগঠনিক কার্যক্রমের পাশাপাশি মানুষের পাশে দাঁড়ানোর মাধ্যমে ইসলামের সৌন্দর্য ও কল্যাণের দিকগুলো তুলে ধরতে হবে। আ্যডভোকেট মুয়াযযম হোসাইন হেলাল বলেন, বরিশাল অঞ্চলের সাংগঠনিক কার্যক্রমকে আরও শক্তিশালী ও গতিশীল করতে দায়িত্বশীলদের সমন্বিতভাবে কাজ করতে হবে। সংগঠনের প্রতিটি স্তরে নিয়মিত বৈঠক, পরামর্শ, প্রশিক্ষণ ও দাওয়াতি কার্যক্রম নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ করেন তিনি। তিনি বলেন, দায়িত্বশীলদের নিজেদের দায়িত্ব পালনে আরও সক্রিয় হতে হবে। জনগণের সঙ্গে সম্পর্ক বৃদ্ধি, তাদের সমস্যা ও প্রয়োজন সম্পর্কে অবগত হওয়া এবং সার্মর্থ্য অনুযায়ী সহযোগিতার হাত বাড়িয়ে দেওয়ার মাধ্যমে মানুষের সঙ্গে সুসম্পর্ক গড়ে তুলতে হবে। একই সঙ্গে সাংগঠনিক শৃঙ্খলা, পারস্পরিক পরামর্শ ও দায়িত্বশীলতার সংস্কৃতি আরও জোরদার করতে হবে। বৈঠকে বাস্তবতা বিভাগের ছয় জেলা ও মহানগরীর সাংগঠনিক কার্যক্রম, দাওয়াতি তৎপরতা, জনসম্পৃক্ততা, সাংগঠনিক পরিকল্পনা এবং ভবিষ্যৎ কর্মসূচি নিয়ে আলোচনা করা হয়। সংশ্লিষ্ট জেলা ও মহানগরীর দায়িত্বশীলরা নিজ নিজ এলাকার সাংগঠনিক কার্যক্রম ও অগ্রগতি তুলে ধরেন। বৈঠকে সাংগঠনিক কার্যক্রমকে আরও বেগবান করতে বিভিন্ন দিকনির্দেশনা প্রদান করা হয়। কেন্দ্রীয় মজলিসে শুরা ও অঞ্চল টিম সদস্য মাওলানা ফখরুদ্দিন খান রাজীর সম্বলদায়ার বৈঠকে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় কর্মপরিদশ সদস্য ও বরিশাল মহানগরী আমীর মাওলানা জহির উদ্দিন মুহাম্মদ বাবর, বরিশাল জেলা আমীর অধ্যাপক মাওলানা আবদুল জব্বার, অঞ্চল টিম সদস্য অধ্যাপক শাহ আলম, ন্যাকারটি জেলা আমীর আডভোকেট হাফিজুর রহমান, ভোলা জেলা আমীর মাস্টার জাকির হোসেন, বরগুনা জেলা আমীর মাওলানা মুহিবুল্লাহ হারুন, পটুয়াখালী জেলা আমীর আডভোকেট নাজমুল আহসান এবং পিরোজপুর জেলা (ভারপ্রাপ্ত) আমীর মাওলানা আব্দুর রবসহ বরিশাল অঞ্চলের বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ।

### কিস্তি আর দাদনের বোঝা নিয়ে

সারা দেশে ২২ দিনের মাছ ধরার নিষেধাজ্ঞা শুরু হচ্ছে। এই নিষেধাজ্ঞা আগামী ২৯ অক্টোবর পর্যন্ত বলবৎ থাকবে। প্রজনন মৌসুমে ইলিশসহ সব ধরনের মাছকে নির্বিঘ্নে ডিম ছাড়ার সুযোগ দিতে এই সময়ে ইলিশসহ সব ধরনের মাছ ধরা, পরিবহন, মজুত ও বিক্রি সম্পর্ক নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে। উপজেলার রামনেওয়ারা, হাজিরহাট, জনতা বাজার, উদেখ সাকুচিয়া ও দক্ষিণ সাকুচিয়ার বিভিন্ন মাছের ঘাটে গিয়ে দেখা যায়, জেলেরা তাদের ট্রলার ও নৌকা ভীরে এনে নোঙর করছেন। নদী ও সাগর থেকে আনা জাল গুটিয়ে পাড়ে তোলার কাজ চলছে পুরোদমে। কিন্তু চাল চললেও জেলেরদের অন্তরে চেষ্টে বসেছে অজানা আর্থিক সংকট ও সংসার চালানোর চিন্তা। স্থানীয় জেলেরদের সাথে কথা বলে জানা যায়, চলতি মৌসুমের শুরু থেকেই নদীতে কাক্ষিত মাছের দেখা পাননি তারা। জ্বালানি তেল, খাদ্যসামগ্রী ও জাল-ট্রলার মেরামতের চড়া খরচের যোগান দিতে গিয়ে অধিকাংশ জেলেই মাহাজন ও আড়তদারদের কাছ থেকে মোটা অঙ্কের দানদিন নিয়েছিলেন। মৌসুমের শেষের দিকে কিছুটা মাছ পাওয়ার আশা থাকলেও সরকারি বিধিবিধির কারণে এখন খালি হাতেই ঘাটে ফিরতে হচ্ছে তাদের। রামনেওয়াজ ঘাটের জেলে মো. জলিল বলেন, নদীতে নামলে যে পরিমাণ খরচ হয়, মাছ পেয়ে সেই খরচই উঠছে না। তার ওপর ৭ অক্টোবর মধ্যরাত থেকে ২৯ অক্টোবর পর্যন্ত ২২ দিন ইলিশ শিকার বন্ধ। এই সময়ে এনজিওর কিস্তিওয়ালাদের চাপ কীভাবে সামলাব, সেই চিন্তায় রাতে ঘুম আসছে না। সরকার চাল দেয় ঠিকই, কিন্তু ধুধু চাল দিয়ে তো আর সংসার ও অন্যান্য খরচ চলে না। উপজেলা মৎস্য দপ্তর সূত্রে জানা গেছে, মনপুরা উপজেলায় মোট নিবন্ধিত জেলে রয়েছে ১৬ হাজার ৪০০ জন। তবে এর মধ্যে সরকারি সহায়তায় আওতায় নিষেধাজ্ঞাকালীন ১১ হাজার ৫০০ জন জেলের মাঝে খাদ্য সহায়তার চাল বিতরণ করা হবে। নিবন্ধিত ১৬ হাজার ৪০০ জন জেলের বিপরীতে মাত্র ১১ হাজার ৫০০ জনের জন্য চাল বরাদ্দ থাকায় বাকি জেলেরদের মাঝে অসন্তোষ দেখা দিয়েছে। তার ওপর চাল বিতরণে অনিয়ম, বরাদ্দ অনুযায়ী ৮০ কেজির স্থানে ৪০ কেজি প্রদান এবং প্রকৃত জেলেরদের বাদ পড়ার অভিযোগে চরম বঞ্চনার শিকার হচ্ছেন নদী-সাগরে বেঁচে থাকা প্রকৃত জেলেরা। দক্ষিণ সাকুচিয়ার এক জেলে ক্ষোভ প্রকাশ করে বলেন, নিবন্ধনের বাইরে অনেক প্রকৃত জেলে রয়ে গেছেন। এতে করে তারা সরকারের কোনো সহায়তা পান না। প্রকৃত জেলেরদের বাদ দিয়ে নিবন্ধনের দোহাই দিয়ে অপেশাদার লোকজনকে চাল দেওয়া হয়, প্রকৃত জেলেরা চাল পাই না। তাছাড়া সরকার জেলেরদের সহায়তায় জন্য ৮০ কেজি করে চাল বরাদ্দ দিলেও আদায় হাতঘূরে পাই মাত্র ৪১ কেজি। উপজেলার সাধারণ জেলেরা সরকারের কাছে জোরালো দাবি জানিয়েছেন, যেন এই ২২ দিনের নিষেধাজ্ঞার সময়ে এনজিওর কিস্তি আদায় সাময়িকভাবে স্থগিত রাখতে কঠোর নির্দেশনা দেওয়া হয়, প্রকৃত জেলেরদের নাম নিবন্ধনের আওতায় আনা হয় এবং চাল বিতরণের অনিয়ম দূর করে বরাদ্দকৃত চাল সঠিকভাবে জেলেরদের হাতে পৌঁছানোর ব্যবস্থা করা হয়। উপজেলা ক্ষুদ্র মৎসাজীবী সমিতির সহসভাপতি আজার হোসেন বলেন, মনপুরায় অনেক ভয়া নিবন্ধিত জেলে রয়েছে। এসব ভয়া নাম অবিলম্বে বাদ দিয়ে নদী-সাগরে বেঁচে থাকা প্রকৃত জেলেরদের কার্ডের আওতায় অন্তর্ভুক্ত করা হোক। উপজেলা সহকারী মৎস্য কর্মকর্তা কাজল রেখা জানান, মা ইলিশ রক্ষা অভিযান সফল করতে ইতোমধ্যে বিভিন্ন ঘাটে সচেতনতামূলক সভা ও মাইকিং করা হয়েছে। সরকারের নির্দেশ অমান্য করে কেউ নদীতে মাছ ধরতে নামলে কিংবা মাছ পরিবহন ও বিক্রি করলে তার বিরুদ্ধে কঠোর আইনি ব্যবস্থা নেওয়া হবে। একই সাথে বরাদ্দকৃত ১১ হাজার ৫০০ জন নিবন্ধিত জেলের মাঝে চাল পৌঁছে দেওয়ার কাজ চলছে এবং যেকোনো ধরনের অনিয়ম রোধে প্রশাসন সচেষ্ট রয়েছে বলে জানান তিনি।

### এক বাড়ির জন্য প্রায়

যেত। এখানে সরকারি টাকার অপচয় করা হয়েছে। তবে ম্লান গায়ে বাড়ির পরিদর্শন করে পাঞ্জা বলেন, তাদের বাড়িতে সাতটি ঘরে প্রায় ৩০ থেকে ৩৫ জন মানুষ বসবাস করেন। তাদের যাতায়াতের সুবিধার জন্য সেতুটি নির্মাণ করা হয়েছে। সেতু খুলে হওয়ায় তারা উপকৃত হয়েছেন বলেও জানান তিনি। সেতুটির নির্মাণকাজ করছেন ঠিকাদার মো. আমির হোসেন। প্রকল্প নির্বাচনের বিষয়ে জানতে চাইলে তিনি বলেন, এ বিষয়ে আমার জানার কথা না। আমি টেন্ডারে কাজ পেয়েছি এবং কাজ শেষ করেছে। এটা সংশ্লিষ্টরা ভালো বলতে পারবেন। এ বিষয়ে প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (পিআইও) রফিকুল ইসলাম বলেন, প্রকল্পগুলো তার দায়িত্ব নেওয়ার আগে বাস্তবায়ন করা হয়েছে। এ কারণে প্রকল্প নির্বাচন কীভাবে করা হয়েছে, সে বিষয়ে তিনি

বিস্তারিত বলতে পারবেন না। স্থানীয়দের অভিযোগ ও সংশ্লিষ্টদের বক্তব্যের পরিপ্রেক্ষিতে সেতুটি নির্মাণের প্রয়োজনীয়তা, প্রকল্প নির্বাচনের প্রক্রিয়া এবং ব্যয়ের যৌক্তিকতা নিয়ে প্রশ্ন উঠেছে।

### এলপিজির আমদানি বেশি

মাসভিত্তিক বেশ ৩৪টা-নামা আছে। জানুয়ারিতে আমদানি হয় ১ লাখ ৫ হাজার ৬৯২ টন, ফেব্রুয়ারিতে ১ লাখ ৩৩ হাজার ২১৮ টন এবং মার্চে সর্বোচ্চ ১ লাখ ৮২ হাজার ২৯৬ টন। এরপর এপ্রিলে আমদানি কমে ১ লাখ ৮ হাজার ৭৫ টনে দাঁড়ায়। মে ও জুনে যথাক্রমে ১ লাখ ২২৯ টন ও ১ লাখ ৬ হাজার ৩৭৩ টন এলপিজি আমদানি হয়। জুলাইয়ে আমদানি আরও কমে ১ লাখ ২৭ হাজার ৯৭০ টন হলেও আগস্টে তা বেড়ে ১ লাখ ৫৭ হাজার ৭৬০ টনে ওঠে। সেপ্টেম্বরে আমদানি হয়েছে ১ লাখ ৫৬ হাজার ১২৯ টন। ২০২৬ সালের প্রথম ৯ মাসের তথ্য অনুযায়ী, সবচেয়ে বেশি এলপিজি আমদানি হয়েছে মার্চে- ১ লাখ ৮২ হাজার ২৯৬ টন। সবচেয়ে কম আমদানি হয়েছে জানুয়ারিতে- ১ লাখ ৫ হাজার ৬৯২ টন। অর্থাৎ সর্বোচ্চ ও সর্বনিম্ন মাসের আমদানির ব্যবধান প্রায় ৭৬ হাজার ৬০৪ টন। মার্চে গত বছরের একই মাসের তুলনায় আমদানি বেড়েছে ৬৪ হাজার ৪৩৮ টন বা প্রায় ৫৪ দশমিক ৭ শতাংশ। ফেব্রুয়ারিতেও গত বছরের তুলনায় আমদানি হয়েছে প্রায় ২৭ দশমিক ৭ শতাংশ। তবে জুলাইয়ে ২০২৫ সালের তুলনায় আমদানি কমেছে প্রায় ২০ শতাংশ। আগস্টে আবার বড় পরেজের উল্ক্ষন দেখা যায়। ২০২৫ সালের আগস্টে আমদানি হয়েছিল ১ লাখ ১৯ হাজার ৬৫৬ টন, যা চলতি বছরের আগস্টে বেড়ে হয়েছে ১ লাখ ৫৭ হাজার ৭৬০ টন। অর্থাৎ এক মাসে বেড়েছে ৩৮ হাজার ১০৪ টন বা প্রায় ৩১ দশমিক ৮ শতাংশ। তবে আগস্টের তুলনায় সেপ্টেম্বরে আমদানি সামান্য কমেছে ১ হাজার ৩৩১ টন, অর্থাৎ প্রায় ১ শতাংশ। তথ্য অনুযায়ী, ২০২৫ সালে দেশে মোট এলপিজি আমদানি হয়েছিল ১৪ লাখ ৬৬ হাজার ৩৩৫ টন। এর বিপরীতে ২০২৬ সালের প্রথম ৯ মাসেই আমদানি হয়েছে ১১ লাখ ৭৭ হাজার ৭৪২ টন, যা গত বছরের পুরো বছরের আমদানির প্রায় ৮০ দশমিক ৯ শতাংশ। অর্থাৎ, অক্টোবর-ডিসেম্বর- এই তিন মাসের আমদানি এখনো যোগ না হলেও চলতি বছরের আমদানি গত বছরের মোট আমদানির বড় একটি অংশ ইতোমধ্যে ছাড়িয়ে গেছে। তথ্য বিশ্লেষণ করে দেখা যায়, ২০২৬ সালের প্রথম ৯ মাসের গড় মাসিক আমদানি দাঁড়িয়েছে প্রায় ১ লাখ ৩০ হাজার ৮৬০ টন। ২০২৫ সালের একই সময়ে এই গড় ছিল প্রায় ১ লাখ ২২ হাজার ২৬৬ টন। অর্থাৎ, গড় মাসিক আমদানিও বেড়েছে প্রায় ৮ হাজার ৫৯৪ টন। বিইআরসির তথ্য বলছে, ২০২২ সালে ১২ লাখ ৮৯ হাজার ৯৬৬ মেট্রিক টন, ২০২৩ সালে ১২ লাখ ৭৪ হাজার ৭৬৬ মেট্রিক টন, ২০২৪ সালে ১৬ লাখ ১০ হাজার ৪৭১ মেট্রিক টন, ২০২৫ সালে ১৪ লাখ ৬৫ হাজার ৩০৫ মেট্রিক টন এবং ২০২৬ সালের ৯ মাসে (জানুয়ারি-সেপ্টেম্বর) এলপিজি আমদানি হয়েছে ১১ লাখ ৭৭ হাজার ৭৪২ মেট্রিক টন। ২০২৪ সালে এলপিজি আমদানি ছিল গত পাঁচ বছরের মধ্যে সর্বোচ্চ- ১৬ লাখ ১০ হাজার ৪৭১ টন। ২০২৫ সালে তা কমে ১৪ লাখ ৬৫ হাজার ৩০৫ টনে দাঁড়ায়। চলতি বছরের মাত্র ৯ মাসেই ১১ লাখ ৭৭ হাজার ৭৪২ টন আমদানি হয়েছে। বছরের শেষ তিন মাসে আমদানির পরিমাণ ষাভাবিক থাকলে ২০২৬ সালের মোট আমদানি গত বছরের তুলনায় আরও বাড়ার সম্ভাবনা রয়েছে। সামগ্রিক মামণ্ডলোতে এলপিজি আমদানি ষাভাবিক থাকলেও বাজার পরিস্থিতি ভিন্ন কথা বলছে। গত মাসে ১২ কেজি এলপিজি সিলিভারের সরকারি নির্ধারিত দাম ছিল ১৫৮৫ টাকা। কিন্তু খোলা বাজারে ২২০০ থেকে ২৯০০ টাকায় বিক্রি হয়েছে। অক্টোবর মাসে ১২ কেজি সিলিভারের দাম ২৫২ টাকা বাড়িয়ে ১৮৩৭ টাকা নির্ধারণ করেছে বিইআরসি। কিন্তু দাম বাড়ানোর পরেও বাজারে ২২০০ থেকে ২৭০০ টাকায় এলপিজি বিক্রি হচ্ছে। এতে বাজার ব্যবস্থাপনাকে দায়ী করছেন সংশ্লিষ্টরা। এখনো অনেক জায়গায় টাকা দিয়েও সিলিভার পাওয়া যাচ্ছে না। সেপ্টেম্বর মাসের আমদানি ও বিক্রির তথ্য চেয়ে ১২ এলপিজি আমদানিকারককে গত ৩ অক্টোবর চিঠি দেয় বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি)। বিইআরসি সূত্রে বলছে, চিঠি দেওয়ার পর অধিকাংশ কোম্পানি তথ্য পাঠিয়েছে। সেগুলো যাচাই-বাছাইয়ের কাজ চলমান। কয়েকটি কোম্পানির আমদানির তুলনায় বিক্রির পরিমাণ কম পরিলক্ষিত হয়েছে। এমন চারটি কোম্পানিকে ফিরতি চিঠি দেওয়া হয়েছে। নাম একাশে অনিচ্ছুক বিইআরসির এক কর্মকর্তা বলেন, কয়েকটি কোম্পানি নির্ধারিত দামের চেয়ে বেশি দাম নিচ্ছিল। তাদের বিষয়টি অবহিত করার পর দাম কমিয়েছে। এছাড়া চারটির মতো কোম্পানি আমদানির তুলনায় বিক্রির পরিমাণ কম হওয়ায় জবাব চেয়ে আবারও চিঠি পাঠানো হয়েছে। বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশনের (বিইআরসি) সদস্য (গ্যাস) মো. মিজানুর রহমান বলেন, ‘আমরা আশ্বস্ত হয়ে কাজ করছি। আমাদের মনিটরিং টিম কাজ করছে। আমদানিকারকদের চিঠি পাঠিয়েছি। তারা জবাব দিয়েছেন। মন্ত্রণালয়ের সঙ্গে আমরা সমন্বিতভাবে কাজ করছি। অতিরিক্ত দাম রোধে অভিযান চলছে।’ বাজারে অতিরিক্ত দামের বিষয়ে জানতে চাইলে এলপিজি খাতের উদ্যোক্তাদের সংগঠন বাংলাদেশ এলপিজি অপারেটরস অ্যাসোসিয়েশনের (লোয়ার) সভাপতি মোহাম্মদ আমিরুল হক বলেন, ‘এটা নিয়ে বেশি কথা বললে অযথা প্যানিক তৈরি হবে। আমরা কাজ করছি। মন্ত্রণালয়ের সঙ্গেও মিটিং করছি। কোথাও না কোথাও যামেলা হচ্ছে। আশা করছি ঠিক হয়ে যাবে।’

### দিল্লিতে পাঁচতলা ভবন ধস

এ তথ্য জানানোে, দিল্লি ফায়ার সার্ভিসের এক কর্মকর্তা জানান, বিকেল সাড়ে তটার দিকে ভবন ধসের খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে যায় ফায়ার সার্ভিসের এলপিক গাড়ি। সেখানে উদ্ধার ও তত্ত্বাব্ধি অভিযান চলেছে। ঘটনাস্থলের দখলিতে দেখা যায়, ধসে পড়া ভবনের ধ্বংসস্থল ঘিরে বিপুলসংখ্যক মানুষ জড়ো হয়েছেন। উদ্ধারকাজে অনেকে খালি হাতেও ধ্বংসস্থল সন্ধানের চেষ্টা করছেন। উদ্ধারকাজ নির্ধি় রাখতে ঘটনাস্থলে এড়িয়ে চলার আহ্বান জানিয়েছে দিল্লি ট্রাফিক পুলিশ। সিমাপুরি গেলাচত্বর, ডিএলএফ ভোপুরা ও আশপাশের সড়কে যান চলাচলও ব্যাহত হচ্ছে। সামাজিক যোগাযোগমাধ্যম এঙ্গে দেওয়া এক বার্তায় দিল্লি ট্রাফিক পুলিশ জানায়, সিমাপুরিতে একটি বহুতল ভবন ধসে পড়েছে এবং উদ্ধারকারী দল ঘটনাস্থলে কাজ করছে। আ্যম্বুলেন্স ও উদ্ধারকারী যান দ্রুত চলাচলের সুযোগ করে দিতে লোকজনকে ওই এলাকা এড়িয়ে চলার পাশাপাশি ঘটনাস্থলের কাছে গাড়ি থামানো, পার্কিং করা বা জড়ো না হওয়ার অনুরোধ করা হয়েছে। এর আগে গত মাসে দিল্লির সত্য নিকেতন এলাকায় একটি ছাত্রাবাসে দুর্ঘটনায় সাতজন নিহত এবং আরও কয়েকজন আহত হয়েছিলেন। সেই ঘটনার এক মাসের মধ্যেই রাজধানীতে নতুন করে ভবন ধসের ঘটনা ঘটল। তবে সর্বশেষ ঘটনায় এখন পর্যন্ত হতাহত বা আটকে পড়া মানুষের সঠিক সংখ্যা নিশ্চিত করা যায়নি। উদ্ধার অভিযান অব্যাহত রয়েছে।

### পুতিনের সঙ্গে পেজেশকিয়ানের

জানিয়েছেন তিনি। রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের সঙ্গে ফোনালগুয়ে ইরান-যুক্তরাষ্ট্র ও ইরারয়েলের চরমান যুদ্ধ নিয়ে আলোচনা করার সময় পেজেশকিয়ান এ কথা বলেন। বুধবার তার বক্তব্য উদ্ধৃত করে এ তথ্য জানিয়েছে আল জাজিরা। পেজেশকিয়ান বলেন, ইরান এমন একটি ভারসাম্যপূর্ণ ও ন্যায্য চুক্তিতে পৌঁছাতে পুরোপুরি প্রস্তুত, যা অঞ্চলটিতে দীর্ঘস্থায়ী শান্তি ও নিরাপত্তা নিশ্চিত করবে। তিনি বলেন,

ইরানের ‘লালসীমা’ হলো দেশটির জাতীয় স্বার্থ এবং ইরানি জনগণের অধিকার। যুক্তরাষ্ট্র যদি আন্তর্জাতিক আইনি কাঠামো মেনে চলে, তাহলে একটি চুক্তিতে পৌঁছানো সম্ভব। ইরানের প্রেসিডেন্ট আরও বলেন, অতিরিক্ত আঞ্চলিক দেশগুলোর উপস্থিতি বা হস্তক্ষেপ ছাড়াই আঞ্চলিক শান্তি ও নিরাপত্তা প্রতিষ্ঠায় প্রতিবেশী দেশগুলোর সঙ্গে সহযোগিতা করতে প্রস্তুত তেহরান। অন্যদিকে ফোনালাগুে পুতিন ইরানের বিরুদ্ধে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের সামরিক অভিযানের জন্য ক্ষতিপূরণের প্রয়োজনীয়তার কথা তুলে ধরেন বলে জানিয়েছে ফার্স। পুতিনের মতে, ইরানকে দীর্ঘমেয়াদি নিরাপত্তার নিশ্চয়তাও দিতে হবে, যাতে ভবিষ্যতে একই ধরনের হামলার পুনরাবৃত্তি ঠেকানো যায়। ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে দীর্ঘদিন ধরে পারমাণবিক কর্মসূচি, নিষেধাজ্ঞা ও আঞ্চলিক নিরাপত্তা নিয়ে বিরোধ রয়েছে। সাম্প্রতিক সংঘাতের প্রেক্ষাপটে দুই দেশের মধ্যে সম্ভাব্য কূটনৈতিক সমঝোতার প্রস্তুতি এখন চ্যালেঞ্জ।

### কোটি টাকার ‘মিথ্যা’ চাঁদাবাজি মামলায়

তদন্ত টিমের তদন্তে অভিযোগের সত্যতা পাওয়া গেলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিভাজীয় ব্যবস্থা নেওয়া হবে। বাংলাদেশ মফস্বল সাংবাদিক ফোরাম ও সাংবাদিক নির্যাতন প্রতিরোধ কমিটির কেন্দ্রীয় নেতৃবৃন্দ গত ৩ অক্টোবর বরগুনায় উপস্থিত হয়ে সাংবাদিক আসাদ সবুজকে হাড্ডাক্ষফ পরানো, হেনুতা ও অমানবিক আচরণের অভিযোগ তোলেন। একই সঙ্গে ঘটনাটিকে পুলিশ বিধিানুগ লঙ্ঘনের অভিযোগ হিসেবে উল্লেখ করে পুলিশ সুপারের কাছে লিখিত অভিযোগ দেওয়া হয়। অভিযোগের পর প্রাথমিক তদন্তে সত্যতা পাওয়ায় মঙ্গলবার এসআই হারুন অর রশিদকে পুলিশ লাইসে প্রত্যাহার করা হয়েছে বলে সংগঠনটির পক্ষ থেকে জানানো হয়। আসাদ সবুজের পক্ষে এ মামলায় কয়েক দফায় জামিনের আবেদন করা হয়। গত ৪ অক্টোবর বরগুনার চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে তাঁর জামিনের আবেদন করা হলে শুনানির জন্য প্রথমে ৬ অক্টোবর দিন ধার্য করা হয়। পরবর্তীতে বাদীর উপস্থিতিতে জামিন শুনানির জন্য ৭ অক্টোবর তারিখ নির্ধারণ করা হয়। বুধবার শুনানি শেষে আদালত তাঁর জামিন মঞ্জুর করেন। জামিন শুনানিতে আসাদ সবুজের পক্ষে আডভোকেট এম এ বারী মতিন এবং বাংলাদেশ মফস্বল সাংবাদিক ফোরামের পক্ষে আডভোকেট মোস্তফা কাদের ও আডভোকেট বাবুল দাস উপস্থিত ছিলেন। জামিনের বিষয়ে প্রতিক্রিয়ায় বাংলাদেশ মফস্বল সাংবাদিক ফোরামের ট্রািট বোর্ডের চেয়ারম্যান ও সাংবাদিক নির্যাতন প্রতিরোধ কমিটির সভাপতি আহমেদ আবু জাফর বলেন, অনেকে উল্লেখলেন আসাদ সবুজ দীর্ঘদিন কারাবাদি থাকুক। তার মতে, সবুজের সত্যতা ও প্রতিনিধি অবস্থানই ছিল মূল সমস্যা। জামানকে তিন প্রাথমিক বিজ্ঞা তৈসেবে উল্লেখ করে বলেন, পরবর্তী সময়ে মামলা থেকে অব্যাহতি পাওয়ার মধ্য দিয়ে চূড়ান্ত বিজয় আসবে বলে তাঁরা আশা করছেন। তিনি আসাদ সবুজের মুক্তির দাবিতে যারা সম্পৃক্ত ছিলেন, তাঁদের প্রতিও কৃতজ্ঞতা প্রকাশ করেন।

### শিশু ও কিশোর-কিশোরীদের

বৈষম্য ও হয়রানির শিকার হওয়ার আশঙ্কাও বাড়়ে যা মানসিক স্বাস্থ্যের ওপর মারাত্মক নেতিবাচক প্রভাব ফেলতে পারে। নতুন নির্দেশিকা খাদ্যাভ্যাসে পরিবর্তন, শারীরিক কর্মকাণ্ড বাড়ানো এবং আচরণ পরিবর্তনে সহায়ক বিভিন্ন উদ্যোগ নেওয়ার ওপর জোর দিয়েছে বিশ্ব স্বাস্থ্য সংস্থা।০ থেকে ৯ বছর বয়সী শিশুদের জন্য ওষুধের মাধ্যমে স্থলতার চিকিৎসা, ওজন কমানোর অস্ত্রোপচার বা ওজন কমানোর ঝুড় ব্যবহারের সুপারিশ করেনি ডব্লিওএইচও। এক্ষেত্রে, সংশ্লিষ্ট পরামর্শ হচ্ছে- ১০ থেকে ১৯ বছর বয়সী কিশোর-কিশোরীদের জন্য চিকিৎসকের তত্ত্বাবধানে GLP-১ থেরাপির মতো অনুমোদিত ওষুধ বিবেচনা করা যেতে পারে। একইভাবে, গুরুতর স্থলতায় আক্রান্তদের ক্ষেত্রে কঠোর শর্তসাপেক্ষে ব্যারিট্রিক সার্জারি বিবেচনা করা যেতে পারে। ডব্লিওএইচও-এর পুষ্টি ও খাদ্য নিরাপত্তা বিভাগের পরিচালক, লুজ মারিয়া দে রেগিল বলেন, শিশু ও কিশোর-কিশোরীদের স্থলতার চিকিৎসার ভিত্তি ওষুধ বা অস্ত্রোপচার নয় বরং স্বাস্থ্যকর খাবার, শারীরিক কর্মকাণ্ড এবং দীর্ঘমেয়াদে টেকসই আচরণগত পরিবর্তনের জন্য প্রয়োজনীয় সমর্থন সহায়তা নিশ্চিত করাই মূল। আরও পুষ্টি পরিশ্রমে স্থলতার পাশাপাশি মানসিক স্বাস্থ্যের বিষয়টিও গুরুত্ব পেয়েছে। কারণ মানসিক স্বাস্থ্যগত সমস্যা যেনো স্থলতার কারণ হতে পারে তেমনি স্থলতার ফল হিসেবেও দেখা দিতে পারে। উদ্বেগ, বিষম্বতা, আত্মসম্মানবোধ কমে যাওয়া এবং আবেগ নিয়ন্ত্রণে সমস্যার কারণে অস্বাস্থ্যকর খাদ্যাভ্যাস, শারীরিক নিষ্ক্রিয়তা ও সামাজিকভাবে নিজেকে গুটিয়ে নেওয়ার প্রবণতা তৈরি হতে পারে। আবার স্থলতায় আক্রান্ত শিশু-কিশোররা সামাজিক অপমান ও হয়রানির শিকার হয়ে মানসিকভাবে ক্ষতিগ্রস্ত হতে পারে। ডব্লিওএইচও নির্দেশিকা বলা হয়েছে, স্থলতার চিকিৎসার লক্ষ্য শুধু ওজন কমানো হওয়া উচিত নয় বরং শিশুগত, শারীরিক, নৈদৈনিক সক্ষমতা ও সামগ্রিক সুস্থতা নিশ্চিত করাই মূল লক্ষ্য হওয়া উচিত। এজন্য প্রতিটি শিশুর প্রয়োজন অনুযায়ী চিকিৎসা এবং দীর্ঘমেয়াদি পর্যবেক্ষণ নিশ্চিত করতে হবে।

### ভাঙরিয়ায় মাদক কারবারির

মাদক সরবরাহের গোপন সংবাদে ভিত্তিতে অনি ক দাস (২৩) নামের এক যুবককে এক পুড়িয়া গাঁজাসহ আটক করে পুলিশ। পরে ভ্রাম্যমান আদালতের মাধ্যমে তাকে ৬মাসের বিনাশ্রম কারাদন্ড ও ২০০শত (দুই) টাকা জরিমানা করা হয়। এবং মোটর সাইকেল জপ করা হয়। দন্ডভূত অনি ক দাস পৌর শহরের নেশ্বর ওয়ার্ডের সুজন দাসের ছেলে। পৃথক ভাবে উভয় ভ্রাম্যমান আদালত পরিচালনা করেন নির্বাহী ম্যাজিস্ট্রেট উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. হাসিনুল হাসান।

### কাউখালীতে কুকুরের কামড়ে আহত

আশপাশে বেওয়ারিশ কুকুর দলবদ্ধভাবে ঘোরায়ুরি করছে। সুযোগ পেলেই পথচারী, শিশু বা বৃদ্ধের ওপর দলবেঁধে আক্রমণ চালাচ্ছে। গত তিন দিনে কুকুরের কামড়ে উপজেলার কেউদিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষিকা স্বপ্না রানী, শিক্ষার্থী আকাশ হলদার (১১), প্রদীপ(১২), আব্দুল্লাহ (১৩), রাইসা (৭), মাহিরা (১২), অপ্রীল (৮), হেমায়েত(৬১), সিরাজুল (৩) সহ ১৫ আতহ হয়েছেন। কাজী হারুন অর রশিদ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা বাীথিকা সাহা বলেন, আমাদের বিদ্যালয়ের শিক্ষার্থী আকাশকে কুকুরে কামড়ানোর পর থেকে শিশুদের মধ্যে সবসময় একটা আতঙ্ক বিরাজ করছে। কুকুরের আতঙ্কে কোমলমতি শিশুরা স্কুলে আসতে ভয় পাচ্ছে। অভিভাবক ফারজানা মুনমুন উদ্দেশ প্রকাশ করে বলেন, ‘কুকুরের আতঙ্কে সন্তানকে স্কুলে পাঠাতে ভয় পাচ্ছি। এখন বাধ্য হয়ে নিজেদেরই বাচ্চাদের স্কুলে দিয়ে আসতে হচ্ছে। অনেক শিশু কুকুরের ভয়ে স্কুলে যেতেই চাইছে না। উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা ডা: সুরত কর্মকার বলেন, গত তিন দিনে কাউখালী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে শিশুসহ বিভিন্ন বয়সের অন্তত নয় জন কুকুরের কামড়ের চিকিৎসা নিয়েছেন। বর্তমানে আব্দুল্লাহ নামের এক শিশু হাসপাতালে চিকিৎসানী অবস্থায় রয়েছে। বাকী আক্রান্তদের প্রয়োজনীয় প্রাথমিক চিকিৎসা ও পরামর্শ দেয়া হয়েছে। এবিষয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা রেহেনা আক্তার বলেন, গত তিনদিনে উপজেলার কয়েকজন শিক্ষক- শিক্ষার্থী ও পথচারী কুকুরের কামড়ে আক্রান্ত হয়েছে। তারই পরিপ্রেক্ষিতে কুকুরের মাধ্যমে ছড়ানো জলাতন্ত্রসহ বিভিন্ন রোগের ঝুঁকি কমে মঙ্গলবার থেকে উপজেলার বেওয়ারিশ কুকুরকে উল্লেখ্য প্রতিরোধী ঠিক দেওয়া শুরু করা হয়েছে। পর্যায়ক্রমে উপজেলার বিভিন্ন স্থানে থাকা কুকুরকে এ টিকার আওতায় আনা হবে।

### নাগরিকদের গোপন তথ্য কেনাবেচার

পুলিশের একটি সূত্র বলছে, সরকারি ই-মেইল ব্যবহার করে ভুয়া মামলা ও সাধারণ ডায়েরির (জিডি) তথ্য দেখিয়ে সাধারণ মানুষের সিডিআর সংগ্রহ করার অভিযোগ রয়েছে কয়েকজন পুলিশ সদস্যের বিরুদ্ধে। এই চক্রের বিরুদ্ধে মামলা হয়েছে। মামলার প্রেক্ষারও করা হয়েছে। তথ্য বলছে, সরকারি ই-মেইল ব্যবহার করে ভুয়া জিডি ও মামলার তথ্য দিয়ে সিডিআর, এনআইডি তথ্য, লাস্ট কল লোকেশনসহ বিভিন্ন গোপন তথ্য সংগ্রহ করে সামাজিক যোগাযোগমাধ্যমে বিক্রি করা হতো। এসব অভিযোগে চার পুলিশ সদস্যকে প্রেক্ষার করা হয়। গত ২৯ সেপ্টেম্বর ডিবার উপপরিদর্শক (এসআই) আবিদুর রহমান ওই চার পুলিশ সদস্যের বিরুদ্ধে অফিশিয়াল সিক্রেটস আর্ট, ১৯২৩; বাংলাদেশ টেলিযোগাযোগ আইন, ২০০১ ও দণ্ডবিধির বিভিন্ন ধারায় রমান থানায় মামলা করেন। মামলাটি তদন্ত করছে ডিবার সাইবার অ্যান্ড স্পেশাল ক্রাইম উত্তর বিভাগ। মামলার এজাহার ও সংশ্লিষ্ট সূত্রের তথ্য অনুযায়ী, সরকারি কর্মচারী হওয়া সত্ত্বেও প্রতারণার মাধ্যমে বেআইনিভাবে বিভিন্ন মোবাইল ফোন নম্বরের সিডিআর সংগ্রহ করে সামাজিক যোগাযোগমাধ্যমে বিক্রি ও ছড়িয়ে দেওয়ার অভিযোগ রয়েছে চার পুলিশ সদস্যের বিরুদ্ধে। তাঁদের বিরুদ্ধে অপরাধমূলক বিশ্বাসভঙ্গ, রাষ্ট্রের গুরুত্বপূর্ণ তথ্য অন্য ব্যক্তির কাছে হস্তান্তর ও নাগরিকের সিম বা মোবাইল ফোন নম্বরের কলসিটি, লাস্ট কল লোকেশন, এনআইডিসহ বিভিন্ন তথ্য সংগ্রহ করে সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে দেওয়ার অভিযোগও আনা হয়েছে। এজাহারে বলা হয়েছে, ডিবার সাইবার মনিটরিংয়ের সময় গত ১০ সেপ্টেম্বর প্রথমে ফেসবুকের একটি অ্যাকাউন্ট, ফোটাটসআফের একটি অ্যাকাউন্ট ও টেমিথ্রামের একটি গ্রুপে বিভিন্ন মোবাইল ফোন নম্বরের সিডিআর বিক্রির তথ্য নজরে আসে। পরে অনুসন্ধানে সিডিআর বিক্রির টাকা নেওয়ার জন্য ব্যবহৃত একটি বিকাশ নম্বরের তথ্যও পাওয়া যায়। তদন্তসংশ্লিষ্ট সূত্র জানায়, তুরাগ থানার রকবুরি ই-মেইল ব্যবহার করে ১১টি মোবাইল ফোন নম্বরের তিন মাসের সিডিআর ও এনআইডি তথ্য চাওয়া হয়েছিল। এ জন্য তুরাগ থানার একটি জিডি নম্বর ও একজন সহকারী উপপরিদর্শকের (এএসআই) নাম ব্যবহার করা হয়। তবে অনুসন্ধানে ওই নম্বরের কোনো জিডি থানায় নথিভুক্ত হয়নি বলে দেখা যায়। সংশ্লিষ্ট এএসআইও এসব নম্বরের সিডিআর চাননি।

### নিজের পক্ষে সাফাই দিতে সবদা সম্মেলন

ওঠার পর মঙ্গলবার তাকে সাংগঠনিক পক্ষ থেকে বহিষ্কার করে ছাত্রদলের কেন্দ্রীয় সংসদ। এক সবদা বিজ্ঞপ্তিতে সাংগঠনিক শৃঙ্খলা ভঙ্গের সুনির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে এ সিদ্ধান্ত নেওয়ার কথা জানানো হয়। মামলা সূত্র ও ভুক্তভোগীর অভিযোগ অনুযায়ী, রোববার (৪ অক্টোবর) রাত ১১টার দিকে পটুয়াখালী সদর উপজেলার বসাক বাজার এলাকা থেকে মনিকল ইসলাম ইমনকে তুলে নিয়ে মোহাম্মদপুর এলাকায় নেওয়া হয়। পরে সোমবার সকাল ৭টা পর্যন্ত বিভিন্ন স্থানে দফায় দফায় তাকে মারধর ও নির্যাতন করা হয় বলে অভিযোগ রয়েছে। অভিযোগে বলা হয়, এ সময় ইমনের মোবাইল ও সঙ্গে থাকা টাকা নিয়ে নেওয়া হয়। পরে এক লাখ টাকা দেওয়ার পর তাকে ছেড়ে দেওয়া হয়। আহত ইমনকে সোমবার বিকালে পটুয়াখালী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। চিকিৎসকরা জানান, তার শরীরের বিভিন্ন স্থানে আঘাতের চিহ্ন রয়েছে। বর্তমানে তিনি হাসপাতালে চিকিৎসানী। এ ঘটনায় ইমনের বড় ভাই বাদী হয়ে পটুয়াখালী সদর থানায় মামলা করেন। মামলায় সাকিব আল হাসানসহ কয়েকজনকে আসামি করা হয়েছে। তবে সাকিব আল হাসান অভিযোগে অস্বীকার করেছেন। তার দাবি, ইমনকে একটি দারীঘটিত ঘটনায় স্থানীয় লোকজন আটক করে মারধর করছিলেন। তিনি ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণের চেষ্টা করেন। পটুয়াখালী সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মনিকরজ্জামান বলেন, কলেজছাত্র নির্যাতনের মামলায় সাকিবকে গ্রেফতার করা হয়েছে। তার বিরুদ্ধে পরবর্তী আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে। মামলার অন্য আসামিদের গ্রেফতারে পুলিশ কাজ করছে বলে জানিয়েছে সংশ্লিষ্টরা।

### পায়রা বন্দরে যুক্ত হলো পাঁচ

ধারণক্ষমতার একটি মোবাইল হারবার জেন (এমএইচসি)। এসব যন্ত্রপাতি নির্মাণ করেছে চীনের নালিং পোট অ্যান্ড হারবার মেশিনারি কোম্পানি (এনপিএইচএমসি) ও জুঝো কনস্ট্রাকশন মেশিনারি গ্রুপ (এঞ্জুসিএমজি)। পায়রা বন্দরের ট্রাফিক বিভাগের উপপরিচালক আজিজুর রহমান বলেন, নতুন এসটিএস জেকনের মাধ্যমে মাদার ভেসেল থেকে কন্টেইনারের লোড-আনলোড করা হবে। আরটিজি ক্রেনে দিয়ে ট্রেইলার থেকে কনটেইনার ওঠানামা এবং ইয়ার্ডে কনটেইনার সরেক্ষণ ও স্থানান্তরের কাজ করা হবে। অন্যদিকে এমএইচসিপর মাধ্যমে বাল্ক কার্গো ও কনটেইনার খালাসের কাজ আরও দ্রুত ও দক্ষতার সঙ্গে সম্পন্ন করা সম্ভব হবে। বন্দর কর্তৃপক্ষের হারবার মাস্টার ক্যান্টেন এস এম শরিফুর রহমান জানান, ১৭০ মিটার দীর্ঘ এবং প্রায় ৬ মিটার ডাফটের ‘ফ্যান বৌ-৬’ জাহাজটি গত ১৮ সেপ্টেম্বর চীনের পিংতান বন্দর থেকে পায়রার উদ্দেশে যাত্রা করে। নতুন সরঞ্জামগুলো যুক্ত হওয়ায় বন্দরের কার্গো অপারেশন উল্লেখযোগ্যভাবে বাড়বে। তিনি বলেন, ভবিষ্যতে জেজিয়েয়ের মাধ্যমে রানাবাদ চ্যানেলের নাব্যতা বাড়ানো গেলে আরও বেশি ড্রাফটের বড় মাদার ভেসেল সরাসরি পায়রা বন্দরের জেটিতে আনা সম্ভব হবে। এতে বিপুল পরিমাণ কার্গো হ্যাভলিগয়ের পাশাপাশি দেশের আমদানি-রপ্তানি বাণিজ্যে পায়রা বন্দরের অবদান আরও বাড়বে। পায়রা বন্দরের চেয়ারম্যান রিয়াজ অ্যাডমিরাল সৈয়দ সাইফ উল ইসলাম বলেন, পাঁচটি অত্যধুনিক কার্গো হ্যাভলিং ইকুইপমেন্ট যুক্ত হওয়ার মাধ্যমে বন্দর পূর্ণ সক্ষমতার দিকে আরও এক ধাপ এগিয়েছে। গাড়ি আমদানির জন্য ডেভিকেটেড ইয়ার্ড ও ডেড ইতোমধ্যে প্রস্তুত করা হয়েছে। নতুন জেন যুক্ত হওয়ায় ৬৫০ মিটার মাল্টিপারাস বার্থের সক্ষমতাও পূর্ণতা পেয়েছে। তিনি আরও বলেন, বন্দরের পূর্ণ সক্ষমতা কাজে লাগাতে রানাবাদ চ্যানেলের নাব্যতা ধরে রাখা জরুরি। নাব্যতা ঠিক রাখা গেলে বড় মাদার ভেসেল সরাসরি জেটিতে ডেড্রানো সম্ভব হবে। প্রযুক্তিনির্ভর কার্গো ব্যবস্থাপনার মাধ্যমে পায়রা বন্দরের অপারেশনাল সক্ষমতা আরও শক্তিশালী হওয়ার পাশাপাশি আন্তর্জাতিক মানের বন্দর হিসেবে এর বিকাশের পথও সুগম হবে। এর আগে ২০২৪ সালের ১৫ মে ৫০ হাজার ৫০০ টন পাথর নিয়ে ‘এমভি জেইন’ এবং একই বছরের ১ নভেম্বর ৪৮ হাজার ৫১১ টন পাথর নিয়ে ‘এমভি দা হং-১৬’ নামের দুটি মাদার ভেসেল সরাসরি পায়রা বন্দরের প্রথম টার্মিনালে বার্থিং করে



## পুতিনের সঙ্গে পেজেশকিয়ানের ফোনালপ, যুদ্ধ নিয়ে আলোচনা

কীর্তনখোলা ডেস্ক

যুক্তরাষ্ট্রের সঙ্গে একটি ভারসাম্যপূর্ণ ও ন্যায্য শান্তিচুক্তিতে পৌছানো এখনো সম্ভব বলে মন্তব্য করেছেন ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান। তবে এ জন্য যুক্তরাষ্ট্রকে আন্তর্জাতিক আইনি কাঠামো মেনে চলতে হবে বলে ৩ এর পাতায় দেখুন

## কীর্তনখোলা

আত্মতত্ত্বীয় প্রতিদিন

বরিশাল ৯ বৃহস্পতিবার ৯ ০৮ অক্টোবর ২০২৬ ৯ ২৩ অশ্বিন ১৪৩৩

## দিল্লিতে পাঁচতলা ভবন ধসে বহু মানুষ চাপা পড়ার শঙ্কা

কীর্তনখোলা ডেস্ক

ভারতের রাজধানী দিল্লির সিমাপুরি এলাকায় একটি পাঁচতলা ভবন ধসে পড়েছে। বৃধবার বিকেলে এ ঘটনায় ভবনের ধ্বংসস্তুপের নিচে বেশ অনেক মানুষ আটকা পড়ে থাকতে পারেন বলে আশঙ্কা করা হচ্ছে। এনভিটিভির প্রতিবেদনে ৩ এর পাতায় দেখুন



## বরিশাল অঞ্চলকে ইসলামী আন্দোলনের দুর্গে পরিণত করতে হবে: অ্যাড. মতিউর রহমান

কীর্তনখোলা রিপোর্ট

বাংলাদেশ জামায়াতে ইসলামীর বরিশাল অঞ্চলের উদ্যোগে বরিশাল বিভাগের ছয় জেলা ও মহানগরীর নেতৃবৃন্দকে নিয়ে অঞ্চল বৈঠক অনুষ্ঠিত হয়েছে। বৃধবার (৭ অক্টোবর) সকালে অনুষ্ঠিত বৈঠকে সভাপতিত্ব করেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় নির্বাহী

পরিষদ সদস্য ও বরিশাল অঞ্চলের পরিচালক অ্যাডভোকেট মতিউর রহমান আকন্দ । বৈঠকে উপস্থিত ছিলেন সংগঠনের সহকারী সেক্রেটারি জেনারেল অ্যাডভোকেট মুয়াযযম হোসাইন হেলাল ও বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় নির্বাহী

আসনের সংসদ সদস্য ড. শফিকুল ইসলাম মাসুদ এমপি। সভাপতির বক্তব্যে অ্যাডভোকেট মতিউর রহমান আকন্দ বলেন, সংগঠনের দায়িত্বশীলদের সর্বস্তরের মানুষের কাছে ইসলামের সুমহান আদর্শের দাওয়াত পৌঁছে দিতে হবে। ব্যক্তিগত আমল-আখলাক, সাংগঠনিক ও এর পাতায় দেখুন

## পায়রা বন্দরে যুক্ত হলো পাঁচ আত্মাধুনিক কার্গো হ্যাভলিং সরঞ্জাম

কীর্তনখোলা রিপোর্ট

পটুয়াখালীর কলাপাড়ায় পায়রা বন্দরের প্রথম টার্মিনালে যুক্ত হলো পাঁচটি আত্মাধুনিক কার্গো ও কনটেইনার হ্যাভলিং সরঞ্জাম। এসব সরঞ্জাম নিয়ে ‘ফ্যান থো-৬’ নামের একটি মাদার ভেসেল বৃধবার (৭ অক্টোবর) সকাল ৯টার দিকে বন্দরের প্রথম টার্মিনাল জেটিতে এসে বার্ষিক করেছে। দীর্ঘ প্রায় দুই বছর পর আধুনিক কার্গো হ্যাভলিং সরঞ্জামবাহী মাদার ভেসেলের সরাসরি জেটিতে বার্ষিকের মধ্য দিয়ে পুনরায় শুরু হলো বন্দরের সরাসরি জাহাজ বার্ষিক কার্যক্রম। বন্দর কর্তৃপক্ষ জানায়, পায়রা বন্দরের কার্গো ও কনটেইনার হ্যাভলিং কার্যক্রমকে আরও দ্রুত, আধুনিক ও দক্ষ করতে এসব সরঞ্জাম আনা হয়েছে। নতুন ইকুইপমেন্ট যুক্ত হওয়ায় জাহাজ থেকে কম সময়ে পণ্য খালাস করা সম্ভব হবে। একই সঙ্গে কমবে জাহাজের টার্নআরাউন্ড টাইম এবং বাড়বে বন্দরের সামগ্রিক অপারেশনাল সক্ষমতা। প্রথম টার্মিনালের জন্য আনা পাঁচটি সরঞ্জামের মধ্যে রয়েছে ৮০ টন ধারণক্ষমতার দুটি শিপ-টু-শোর (এমটিএস) বা ক্রুয়ে গ্যান্ট্রি ক্রেন, ৪০ টন ধারণক্ষমতার দুটি রাবার-টার্জার গ্যান্ট্রি (আরটিজি) ক্রেন এবং ৮০ টন ৩ এর পাতায় দেখুন

## ফ্যামিলি কার্ডের ছবি তোলার কথা বলে নারীর স্বর্ণের দুল নিয়ে উধাও

বোরহানউদ্দিন প্রতিনিধি

তোলার বোরহানউদ্দিনে ফ্যামিলি কার্ড দেওয়ার কথা বলে তথ্য সংগ্রহ ও ছবি তোলার একপর্যায়ে এক নারীর কান থেকে স্বর্ণের দুল টেনে নিয়ে পালিয়ে যাওয়ার অভিযোগ উঠেছে দুই যুবকের বিরুদ্ধে। মঙ্গলবার (৬ অক্টোবর) বিকেল সাড়ে ৩টার দিকে উপজেলার সাচড়া ইউনিয়নের চরণসাপুর গ্রামে এ ঘটনা ঘটে। ভুক্তভোগী রোশনা বেগম (৪০) ওই গ্রামের মজিবল মোসলমানের স্ত্রী। ভুক্তভোগী ও স্থানীয়দের সঙ্গে কথা বলে জানা গেছে, বিকেলে ২ এর পাতায় দেখুন

## স্ত্রীর সঙ্গে বগড়ার পর গ্যাস ট্যাবলেট খেয়ে ৭০ বছরের বৃদ্ধের মৃত্যু

দশমিনা প্রতিনিধি

পটুয়াখালীর দশমিনায় স্ত্রীর সঙ্গে পারিবারিক বিষয় নিয়ে ঝগড়ার পর গ্যাস ট্যাবলেট খেয়ে মো. আলম জোমাদ্দার (৭০) নামে এক বৃদ্ধের মৃত্যু হয়েছে। মঙ্গলবার রাত ৯টার দিকে উপজেলার রণগোপালদী ইউনিয়নের ২ নম্বর ওয়ার্ডের রণগোপালদী গ্রামের স্বত্বরবাড়িতে এ ঘটনা ঘটে। নিহত আলম জোমাদ্দার একই ইউনিয়নের যৌথ গ্রামের দোবাহান বাজার এলাকার মো. রত্নন জোমাদ্দারের ছেলে। তিনি দীর্ঘদিন ধরে রণগোপালদী গ্রামে স্বত্বরবাড়িতে ২ এর পাতায় দেখুন

দীর্ঘদিন ধরে

গুরুজাহাঙ্গীর হাফসে রত্নন স্বত্বর বাড়ের মৃত্যুতে

ইসলাম ও প্রচলিত শিক্ষার অপর সমন্বয়

**লুৎফুর রহমান আলিম (ক্যাডেট) মাদরাসা**

লুৎফুর রহমান সড়ক, নতুল্লাবাদ, বরিশাল। ২০২৬ শিক্ষাবর্ষে

আবাসিক অনাবাসিক ডে-কোয়ার

দাখিলে A+ প্রাপ্তদের জন্য

আকবায়ী সুযোগ-সুবিধা রয়েছে।

বোর্কাযোগ: ০১৭১২-৯৫৪২২, ০১৭১১৮৮৭৪৮, ০১৭১১-৭০২২৫৭, ০১৭১৪৫১১১৪

মাদকাসক্তি ও মানসিক রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে

দি **নিউ লাইফ**

মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড

যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।

০১৭১৩-৯৫০৯৪১

০১৭১৩-১৬৯৮২৮

## এলপিজির আমদানি বেশি সংকটও বেশি!

কীর্তনখোলা ডেস্ক

দেশে চলতি বছরের প্রথম ৯ মাসে (জানুয়ারি-সেপ্টেম্বর) তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) আমদানি হয়েছে ১১ লাখ ৭৭ হাজার ৭৪২ মেট্রিক টন। গত বছরের একই সময়ে আমদানি হয়েছিল ১১ লাখ ৩৯৩

মেট্রিক টন। অর্থাৎ, এক বছরের ব্যবধানে প্রথম ৯ মাসে এলপিজি আমদানি বেড়েছে ৭৭ হাজার ৩৪৯ টন বা প্রায় ৭ দশমিক ৩ শতাংশ। বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি) থেকে পাওয়া আমদানির তথ্য বিশ্লেষণ করে এ চিত্র দেখা যায়।

গুরু গত বছর নয়, বিগত পাঁচ বছরে একই সময়ে এটা সর্বোচ্চ আমদানি। এত আমদানির পরও বাজারে দামও সর্বোচ্চ, সংকটও অতীতের তুলনায় বেশি। তথ্য বিশ্লেষণে দেখা যায়, চলতি বছরের শুরু থেকে এলপিজি আমদানিতে ৩ এর পাতায় দেখুন

## কিস্তি আর দাদনের বোঝা নিয়ে ঘাটে ফিরছেন জেলেরা

মনপুরা প্রতিনিধি

মা ইলিশ রক্ষায় প্রজন্ম মৌসুমে সরকারি ২২ দিনের নিষেধাজ্ঞা শুরুর আগেই সমুদ্র ও মেঘনা নদী থেকে ঘাটে ফিরতে শুরু করেছেন জেলার মনপুরার হাজার হাজার জেলে। তবে ইলিশ সংরক্ষণে সরকারের এই



সিদ্ধান্ত মেনে নিয়ে ঘাটে ফিরলেও সামনের বৃধবার (৭ অক্টোবর) মধ্যরাত থেকে মেঘনা নদীর দিনগুলা কীভাবে কাটবে- তা নিয়ে গভীর দুশ্চিন্তায় নির্ধারিত এলাকাসহ ৩ এর পাতায় দেখুন



## নিজের পক্ষে সাফাই দিতে সংবাদ সম্মেলন শেষ করতেই গ্রেফতার ছাত্রদল নেতা

পটুয়াখালী প্রতিনিধি

পটুয়াখালীতে কলেজছাত্র মনিরুল ইসলাম ইমনকে রাতভর নির্যাতন ও এক লাখ টাকা আদায়ের অভিযোগে করা মামলার প্রধান আসামি ছাত্রদল নেতা সাকিব আল হাসানকে গ্রেফতার করেছে পুলিশ। বৃধবার (৭ অক্টোবর) দুপুরে সদর উপজেলার মোহাম্মদপুর বাজার এলাকা থেকে তাকে গ্রেফতার করা হয়। এর আগে, নিজের বিরুদ্ধে ওঠা অভিযোগ নিয়ে সংবাদ সম্মেলন করেন সাকিব। সংবাদ সম্মেলন শেষ হওয়ার পরপরই তাকে গ্রেফতার করে পুলিশ। সাকিব আল হাসান পটুয়াখালী সরকারি কলেজ ছাত্রদলের দপ্তর সম্পাদক ছিলেন। কলেজছাত্র নির্যাতনের অভিযোগ ৩ এর পাতায় দেখুন



## কোটি টাকার চাঁদাবাজি মামলায় জামিন পেলেন সাংবাদিক আসাদ সবুজ

বরগুনা প্রতিনিধি

বরগুনায় এক কোটি টাকা চাঁদাবাজির অভিযোগে দায়ের করা মামলায় দৈনিক কালবেলার প্রতিনিধি সাংবাদিক আসাদ সবুজের জামিন মঞ্জুর করেছেন আদালত। বৃধবার (৭ অক্টোবর) বরগুনার অতিরিক্ত চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের বিচারক বাদীর উপস্থিতিতে জামিন তদানি শেষে তাঁর জামিন মঞ্জুর করেন। এদিকে, সাংবাদিক আসাদ সবুজকে গ্রেপ্তারের সময় হ্যান্ডকাফ পরানোর ঘটনায় অভিযুক্ত এসআই হারুন অর রশিদকে পুলিশ লাইনে প্রত্যাহার করা হয়েছে। বরগুনা জেলা পুলিশ জানিয়েছে, এ ঘটনায় গতিত ৩ এর পাতায় দেখুন

অধ্যাপক ডা. এন.সি. ডি রবীত

এমনিবিএস(চাক্যটি ও ডিএমসি) এমনিপিইউএসএ) ট্রেড ইন অরবিএস(আমেরিকা)বোইজিং(চীন) এনআইও(চাক্য)সাকো ও গ্রোকোমো ফেলো,জাতীয় চতু বিজ্ঞান ইনস্টিটিউট, ঢাকা ও এস.বি ম্যাশনাল কনফারেন্স ও পেরাচি সেবা পদকপ্রাপ্ত

মাথা ব্যথা, প্রোকোমা, ফ্যাকো সার্জন ও চক্ষু বিশেষজ্ঞ

বিদ্যায়ী প্রধান: সের. ই বহনো প্রতিবেদন করেন চাক্যপ্রাপ্ত (এক্স) বর্ধমান সাইন্স এন্থনোমো প্রেসিডেন্সি বর্ধমান ও বর্ধমানের বর্ধমান

বরিশাল চক্ষু: মেঘা ডায়াগনস্টিক ল্যাব

৪০ সের বর্ধমান (বোর্ড) বর্ধমান ইনস্টিটিউট বর্ধমান। গিরিজাবন বর্ধমান ০১৭০৯০৮০৭, ০১৭০৯০৮০৭



## এক বাড়ির জন্য প্রায় অর্ধ কোটি টাকার সেতু

কীর্তনখোলা রিপোর্ট

পটুয়াখালীর বাউফল উপজেলার ধুলিয়া ইউনিয়নে একটি বাড়ির সামনে ১১ মিটার দৈর্ঘ্যের সেতু নির্মাণে ৪১ লাখ ৬৩ হাজার ৯৯৯ টাকা ব্যয় হয়েছে। সেতুটি নির্মাণের পর প্রকল্পের প্রয়োজনীয়তা ও সরকারি অর্থের যথাযথ ব্যবহার নিয়ে প্রশ্ন তুলেছেন স্থানীয়রা। ধুলিয়া ইউনিয়নের মল্লান গাজী বাড়ির সামনে জামালকাটি খালের ওপর নির্মিত হয়েছে সেতুটি। স্থানীয়দের অভিযোগ, একটি বাড়ির বাসিন্দাদের যাতায়াতের সুবিধার কথা বিবেচনা করে সেতুটি নির্মাণ করা হয়েছে। তাদের দাবি, ওই স্থানে তুলনামূলক কম ব্যয়ে আরন ব্রিজ নির্মাণ করেও যাতায়াতের ব্যবস্থা করা সম্ভব ছিল। স্থানীয় বাসিন্দা আলিফ হোসেন বলেন, মল্লান গাজী বাড়িতে একজন প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (পিআইও) থাকেন। তার তদবিরে বাড়ির সামনে সেতুটি নির্মাণ করা হয়েছে। একটি বাড়ির লোকজনের সুবিধার জন্য এত বিপুল অর্থ ব্যয় করে সেতু নির্মাণ করা ঠিক হয়নি। ওখানে কম খরচে একটি আরন ব্রিজ নির্মাণ করা ৩ এর পাতায় দেখুন



## কাউখালীতে কুকুরের কামড়ে আহত ১৫, জলাতঙ্কের টিকা দেওয়া শুরু

কাউখালী প্রতিনিধি

পিরোজপুরের কাউখালীতে বেওয়ারিশ কুকুরের কামড়ে শিক্ষক - শিক্ষার্থীসহ ১৫ জন আহত হয়েছেন। উপজেলার বিভিন্ন এলাকার রাস্তা এবং ক্ষুরের আশপাশে হিংস্র কুকুর কর্তৃক আক্রমণ ও খাওয়ার ঘটনা ঘটছে। এ নিয়ে আতঙ্ক বিরাজ করছে শিক্ষক - শিক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে। জলাতঙ্কসহ বিভিন্ন রোগের ঝুঁকি কমাতে ইতি মধ্যে উপজেলা প্রশাসন বেওয়ারিশ কুকুরকে জলাতঙ্ক প্রতিরোধী টিকা দেওয়া শুরু করেছেন। স্থানীয় সূত্রে জানা গেছে, গত তিন দিনে উপজেলার কচুয়াকাটি, আসপদি, উজ্জিয়াল খান, বন্দুপুরসহ বিভিন্ন এলাকার রাস্তা ও শিক্ষা প্রতিষ্ঠানের ৩ এর পাতায় দেখুন



## ভাণ্ডারিয়ায় মাদক কারবারির দণ্ড ও মিষ্টির দোকানে জরিমানা

ভাণ্ডারিয়া প্রতিনিধি

পিরোজপুরের ভাণ্ডারিয়ায় গতকাল বৃধবার দুপুরে ভ্রাম্যমান আদালতে বাজারের ইসলামীয়া মিষ্টান্ন ভাণ্ডারের মিষ্টি তৈরির কারখানায় অব্যাহতকার পরিবেশে মিষ্টি তৈরি ও মিস্তিতে রং মেশানোর অপরাধে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৪২ধারা লঙ্ঘনে ৫৩ধারায় ২০,০০০/-(বিশ হাজার) টাকা জরিমানা করা হয়। এবং একই সময় তাদের আইন মানার বিষয়ে সতর্ক করা হয়। এদিকে একই দিন দুপুরে থানা পুলিশের চলমান মাদক বিরোধী অভিযানে পৌর শহরের পূর্ব-ভাণ্ডারিয়া এলাকা থেকে মোটরসাইকেলে ৩ এর পাতায় দেখুন

বিসমিল্লাহির রাহমানির রাহিম

কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে

**ঈশিতা কম্পিউটার**

All Kinds Of Computer Solution, Accessories Selling, Training & Digital Photography

উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৪৬৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহমেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় : সৌরভ লজ, গোড়াটান দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com